NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-750
বিষয়: A-750 শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস) এবং উৎপীড়ন রোধ
শ্রেণীবিভাগ: শিক্ষার্থী
ইস্যুর তারিখ: 28 সেপ্টেম্বর, 2017

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 22 ডিসেম্বর, 2016 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-750 কে হালনাগাদ করে এবং স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- প্রবিধানটির টাইটেল পরিবর্তন করে হয়েছে শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস) এবং উৎপীড়ন রোধ।
- প্রকাশ করে যে এই প্রবিধান প্রসঙ্গে ছেলেমেয়ের তত্ত্বাবধানের জন্য দায়বদ্ধ যে কোনো ব্যক্তি পিতামাতার সংজ্ঞার অন্তর্ভুক্ত।
- ব্যাখ্যা করে যে, কোনো ছেলেমেয়ের স্বাস্থ্য বা সুরক্ষার ব্যাপারে আসন্ন কোনো বিপদের হুমকি দেখা দিলে বা কোনো ছেলেমেয়ের অবিলম্বে ডাক্তার দেখাবার প্রয়োজন হলে অবশ্যই 911 কল করতে হবে।
- প্রযোজ্য সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের সাথে সামঞ্জস্যপূর্ণ করে শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস) এবং উৎপীড়নের এবং শিক্ষাগত অবহেলার হালনাগাদকৃত সংজ্ঞা প্রদান করে।
- প্রকাশ করে যে যে শিশু নিগ্রহ বা উৎপীড়নের শিকার হয়, যদি সে নিগ্রহ ঘটে থাকে কোনো ব্যক্তির দ্বারা ক্রমাগতভাবে বা শিশুটি যে পরিবারে বাস করে সেখানেই যদি বিরতিসহ নিয়মিত ঘটে থাকে কিংবা DOE LYFE সেন্টারের কোনো কর্মচারীর দ্বারা অথবা নিউ ইয়র্ক সিটি আর্লি চাইল্ডহুড লার্নিং সেন্টারে (NYCEEC) এবং বাধ্যতামূলক রিপোর্টকারী এ ধরনের নিগ্রহের ঘটনা রিপোর্ট করতে বাধ্য (সেকশন I.A.1.) I.A.1, p. 2)।
- ব্যাখ্যা করে যে এই প্রবিধানে যেভাবে "প্রিন্সিপ্যাল" শব্দটিকে ব্যবহার করা হয়েছে, সেটা DOE প্রি-K সেন্টারের আর্লি চাইল্ডহুড ডিরেক্টরকেও বুঝায় (সেকশন I.A.3)।
- ব্যাখ্যা করে যে, বাধ্যতামূলক রিপোর্টকারীর (প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির বিপরীতে) দায়বদ্ধতা হলো তিনি মৌখিক রিপোর্ট করার পর 48 ঘণ্টার মধ্যে LDSS-2221A ফর্ম ব্যবহার করে একটি লিখিত রিপোর্ট তৈরি করবেন ও SCR-এর কাছে জমা দেবেন (সেকশন I.A.5)।
- প্রকাশ করে যে, LDSS-2221A রিপোর্টের একটি কপি অবশ্যই স্টুডেন্ট সর‌্যাভিসের FSC ডিরেক্টরের কাছে পাঠাতে হবে (সেকশন I.A.6)।
- ব্যাখ্যা করে যে, যদি বাধ্যতামূলক রিপোর্টকারী শিশু নিগ্রহ বা নিপীড়নের ঘটনাটি সম্পর্কে অভিযোগটি সম্পর্কে বাড়তি তথ্য জানতে পারেন যা আগে সংঘটিত হয়েছিল, তাহলে বাধ্যতামূলক রিপোর্টকারীকে (প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির বিপরীতে) অবশ্যই বাড়তি তথ্য পাওয়ার 24 ঘণ্টার মধ্যে SCR-কে ফোন করতে হবে; জানাতে হবে যে আগে রিপোর্ট করা ঘটনা সম্পর্কে তার কাছে বাড়তি তথ্য আছে; এবং কোনো বাড়তি কর্মচারী যার কাছে বাড়তি তথ্য সম্পর্কে প্রত্যক্ষ জ্ঞান থাকতে পারে, তার নাম, পদবি ও যোগাযোগের তথ্যসহ জানতে পারা সকল নতুন তথ্য জানিয়ে দেবেন। বাড়তি তথ্যের রিপোর্ট জানাতে SCR-কে ফোন করার পর বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই ঘটনাটি রিপোর্ট করতে হবে যে,

প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে বাড়তি ফোন করা হয়েছিল এবং বাড়তি তথ্য অন্তর্ভুক্ত করার জন্য LDSS-2221A হালনাগাদ করা হয়েছে (সেকশন I.A.7)।

- ব্যাখ্যা করে যে, যদি সন্দেহকৃত শিশু নিগ্রহ বা নিপীড়নের বাড়তি অভিযোগ উঠে এমন একটি শিশুকে কেন্দ্র করে যে আগে করা একটি রিপোর্টের সাথে সংশ্লিষ্ট ছিলো এবং এ ধরনের অভিযোগগুলো হচ্ছে এমন অভিযোগ যা বিস্তৃত হয়েছে শিশুটি সম্পর্কে আগের রিপোর্টটির কারণ থেকে ভিন্ন ঘটনা, পরিস্থিতি বা পারিপার্শ্বিকতা থেকে, সেসব সন্দেহের বিষয়ে অবশ্যই SCR-এর কাছে রিপোর্ট করতে হবে এবং একটি নতুন LDSS-2221A লিখিত রিপোর্ট অবশ্যই প্রস্তুত করতে এবং জমা দিতে হবে (সেকশন I.A.8)।
- বরো CPS অফিসের হালনাগাদকৃত যোগাযোগের তথ্য প্রদান করে (সেকশন I.A.8)।
- ব্যাখ্যা করে যে স্কুল কর্মচারিগণ বাধ্যতামূলক রিপোর্টদাতার নাম প্রকাশ করতে পারবেন কিংবা স্কুল যে রিপোর্ট করেছে, সেটা পিতামাতার কাছে, রিপোর্টকৃত ব্যক্তির কাছে, কিংবা পরিবার, অথবা সোশ্যাল সার্ভিস আইন অনুযায়ী এই তথ্য পাওয়ার জন্য যিনি স্বীকৃত নন, তার কাছে নিশ্চিত করতে পারবেন না। (সেকশন I.A.9)।
- প্রকাশ করে যে, যদি স্কুলের কর্মচারী বিশ্বাস করেন যে একজন CPS কর্মী কোনো বাধ্যতামূলক রিপোর্টকারীর পরিচিতি বা রিপোর্টের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি বা কোনো পিতামাতা অথবা পরিবারের অন্য কোনো সদস্যের কাছে স্কুলের সংশ্লিষ্টতা প্রকাশ করেছেন, এই উদ্বেগ ACS অফিস অভ সেফটি ফার্স্ট-এর অফিস-এ 718-543-7233 নম্বরে রিপোর্ট করতে হবে (সেকশন I.A.9)।
- এটা প্রতিষ্ঠা করে যে, সন্দেহকৃত শিশু নিগ্রহ বা নিপীড়নের অভিযোগের সাথে DOE-এ কোনো শিক্ষার্থীর সংশ্লিষ্টতা থাকলে, সেক্ষেত্রে DOE-এর নীতি হলো দৃশ্যমান কোনো ক্ষত থাকলে তার ছবি তুলতে হবে। ছবি অবশ্যই কোনো গোপন স্থানে তুলতে হবে। যেখানে সম্ভব উপযুক্ত হবে, যাতে ছবি তোলা সম্ভব হয়, সেজন্য শিক্ষার্থীকে অবশ্যই নার্সের অফিসে অথবা স্কুলের মেডেকেল রুমে নিতে হবে হবে। ছবি শুধু এমন একজনকে দিয়ে উঠাতে হবে, যিনি নিউ ইয়র্ক সিটির প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। ন্যূনতমপক্ষে, প্রতিটি স্কুলে, স্কুল নার্স ও দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁকে (স্টাফদের একজন যিনি প্রিন্সিপ্যাল কর্তৃক নিযুক্ত হয়েছেন শিশু নিগ্রহ ও নিপীড়ন বিষয়ে সেকশন V.A.2 অনুযায়ী স্টুডেন্ট সার্ভিসের FSC ডিরেক্টরের সাথে একজন লিয়াজোঁ হিসেবে কাজ করার জন্য) এই প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। স্টাফদের মধ্য থেকে কমপক্ষে দুইজন প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। যদি কোনো স্কুল নার্স ভবনে দায়িত্বপ্রাপ্ত না থাকেন, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই একজন বিকল্প কোনো স্টাফকে প্রশিক্ষণের জন্য বেছে নিতে হবে দিতে হবে (সেকশন I.A.10)।
- এটা প্রতিষ্ঠা করে যে, যখন প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে সন্দেহজনক শিশু নিগ্রহ বা নিপীড়নের ঘটনা এবং দৃশ্যমান আঘাতের চিহ্নের কথা জানানো হবে, তখন প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবিলম্বে নার্স বা দায়বদ্ধ লিয়াজোঁ কিংবা অপর কোনো প্রশিক্ষিত কর্মচারিকে দৃশ্যমান আঘাতের ছবি তোলার দায়িত্ব দেবেন। যে ব্যক্তি ছবি তোলবেন, তাকে অবশ্যই SCR-এর কাছে রিপোর্ট করা হয়েছে কি না, তা প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে জিজ্ঞেস করে নিশ্চিত করে নিতে হবে। যদি প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি নিশ্চিত করেন যে একটি রিপোর্ট করা হয়েছে তাহলে তিনি অবশ্যই অবিলম্বে যিনি ছবি তোলবেন, তাকে "কল I.D."নম্বর প্রদান করবেন। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি একটি রিপোর্ট করা হয়েছে বলে নিশ্চিত না করেন, তাহলে যে ব্যক্তি ছবি তোলেছেন, তাকে অবশ্যই অবিলম্বে SCR-কে ফোন করতে হবে এবং প্রবিধানে রিপোর্ট করার যে নিয়ম বেঁধে দেওয়া আছে, সেটা অনুসরণ করতে হবে। যদি প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এ ধরনের নিশ্চয়তা দেন কিন্তু বাধ্যতামূলক রিপোর্টকারীর কাছে স্কুল দিবস শেষ হওয়া অবধি কোনো "কল I.D." নম্বর না দেন, তাহলে বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবিলম্বে SCR-এর কাছে ফোন করতে হবে এবং প্রবিধানে রিপোর্ট করার যে নিয়ম বেঁধে দেওয়া আছে, সেটা অনুসরণ করতে হবে (সেকশন I.A.10.a.ii – iii)।
- প্রকাশ করে যে, এ ধরনের ছবি তুলতে হবে স্টাফদের কারো নামে ইস্যু করা সিটির মালিকানাধীন একটি ডিভাইসে এবং কোনো ব্যক্তিগত ডিভাইসে তোলা যাবে না, ACS-এর কাছে ট্রান্সমিট করতে হবে LDSS-2221A রিপোর্ট জমা দেওয়ার সময়

কিংবা এর পর যত দ্রুত সম্ভব হয়, কপি করে এবং একটি সুরক্ষিত স্থানে রাখতে হবে, যেখানে শুধু প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির প্রবেশাধিকার আছে, এবং সিটির মালিকানাধীন ডিভাইস থেকে মুছে দিতে হবে। প্রকাশ করে যে, যদি SCR সন্দেহভাজন শিশু নিগ্রহ ও নিপীড়নের রিপোর্টটি প্রত্যাখ্যান করেন, তাহলে দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁকে নিশ্চিত করতে হবে যে ছবি তোলা হয়েছে, সেটা নিশ্চিত করার জন্য ILOG হালনাগাদ করা হয়েছে (সেকশন I.A.10. b-e)।

- প্রকাশ করে যে, DOE কর্মকর্তাকে অবশ্যই সন্দেহকৃত যেকোনো বয়সের কোনো ব্যক্তি, যে কোনো একটি আবাসনে অবস্থানকালে স্টাফদের কোনো একজনের দ্বারা এ ধরনের নিগ্রহ বা নিপীড়নের শিকার হয়েছে বলে সন্দেহ করা হচ্ছে, তাহলে সেটা সম্পর্কে NYS জাস্টিস সেন্টারের ভালনারেবল পারসন্স্ সেন্ট্রাল রেজিস্টার (VCPR) (SCR-এর স্থলে)-এ রিপোর্ট করতে হবে (সেকশন I.A.11)।
- প্রকাশ করে যে, যদি SCR রিপোর্ট গ্রহণ করতে অস্বীকার করেন, তাহলে বাধ্যতামূলক রিপোর্টকারী অবশ্যই প্রিন্সিপ্যালকে জানাবেন যে, একটি রিপোর্ট করা হয়েছিল এবং তা প্রত্যাখ্যাত হয়েছে, এবং তিনি তা ILOG-এ লিপিবদ্ধ করবেন (সেকশন I.C.1)।
- ব্যাখ্যা দেয় যে, একটি ছেলেমেয়ের স্টুডেন্ট রেকর্ড উন্মোচন করা যেতে পারে ফ্যামেলি এডুকেশন্যাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট, 20 U.S.C. § 1232g দ্বারা প্রতিষ্ঠিত জরুরি স্বাস্থ্য ও সুরক্ষার ব্যতিক্রমের নিয়মের অধীনে, যদি পুলিশ বা ডিস্ট্রিক্ট অ্যাটর্নি স্কুলকে অবহিত করেন যে তারা একটি শিশু নিগ্রহ বা নিপীড়নের অভিযোগের ঘটনা তদন্ত করছেন। স্কুল কর্মকর্তাগণ পুলিশ বা ডিস্ট্রিক্ট অ্যাটর্নির কাছে কোনো রেকর্ড উন্মোচনের আগে তাদের সিনিয়র ফিল্ড কাউন্সেলরের কাছে পরামর্শের জন্য ফোন করবেন, তবে এসই রেকর্ড উন্মোচন অকারণে বিলম্বিত করা যাবে না (সেকশন I.C.4)।
- ব্যাখ্যা করে যে, চ্যান্সেলরের প্রবিধান A-210 অনুসারে, যখন কোন শিক্ষার্থী পরপর 10 দিন লাগাতারভাবে অনুপস্থিত থাকে, এমন অবস্থায় কোন শিক্ষার্থীর যদি পূর্বতন 407 তদন্ত চলমান থাকে, এবং সে শিক্ষার্থী যদি লাগাতারভাবে পরপর 8 (আট) দিন বা মোট 15 দিন অনুপস্থিত থাকে; কিংবা প্রি-কিন্ডারগার্টেন থেকে 8 আট গ্রেড পর্যন্ত কোন শিক্ষার্থী যখন চার মাসের মধ্যে সর্বমোট 20 দিন অনুপস্থিত থাকে, তাহলে সে অনুপস্থিতি শিক্ষাগত অবহেলা কি না, কিংবা অন্য কোন ধরনের শিশু নিগ্রহ বা নিপীড়ন কি না, সেটার তদন্ত ও ব্যবস্থা গ্রহণের জন্য ফর্ম 407 তদন্ত অবশ্যই পরিচালনা করতে হবে (সেকশন I.D.2)।
- ব্যাখ্যা দেয় যে, শিক্ষাগত অবহেলার একটি রিপোর্ট অবশ্যই ফাইলবদ্ধ করতে হবে যখন এ ধরনের অবহেলা রিপোর্ট করার সকল শর্ত পূরণ করা হবে, সেটা 407 উপস্থিতির তদন্ত করা হয়েছে কি না, সেটা বিবেচনা ছাড়াই (সেকশন I.D.2)।
- ব্যাখ্যা দেয় যে, CPS কর্মীরা তাদের তদন্ত পরিচালনা করতে গিয়ে অবশ্যই স্কুলের সম্পত্তির উপরে সন্দেহজনক শিশু নিগ্রহ বা উৎপীড়নের অভিযোগের শিকার ছেলেমেয়ের ও তাদের ভাইবোনের, ভাইবোন একই স্কুলে পড়ুক আর না পড়ুক, সেটা বিবেচনা ছাড়াই, সাক্ষাৎকার নিতে ও পরীক্ষা করতে অনুমোদন দিতে হবে (সেকশন II.A.3)।
- যখন কোনো CPS কর্মী কোনো অভিযুক্ত শিশু নিগ্রহ বা নিপীড়নের ঘটনা তদন্ত করতে যাবেন, অথবা কোনো CPS কর্মী এ ধরনের অভিযোগ তদন্তের জন্য স্কুলে ফোন করবেন, যাচাইকারীর CPS কর্মীর পরিচিতি যাচাইয়ের পদ্ধতি কী হবে, সেটার ব্যাখ্যা দেয় (সেকশন II.A.4.b)।
- ব্যাখ্যা দেয়ে যে, কোনো CPS তর্মীর পরিচিতি যাচাই হয়ে যাওয়ার পর CPS কর্মীকে ফ্যামেলি এডুকেশন্যাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট 20 U.S.C. § 1232g অনুসারে প্রতিষ্ঠিত স্বাস্থ্য ও সুরক্ষা জরুরি ব্যতিক্রমসহ রিপোর্টে নাম উল্লিখিত শিক্ষার্থীর এবং একই স্কুলে পড়ালেখা করলে সে শিক্ষার্থীর ভাইবোনের স্টুডেন্ট রেকর্ড এবং IEP ও প্রযুক্ত হলে মূল্যায়নসমূহ দেখার সুযোগ দিতে হবে। স্কুল তাদেরকে এসব রেকর্ড দেখার সুযোগ বা অনুলিপি প্রদানের আগে তাদের সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শের জন্য যোগাযোগ করতে পারবেন, তবে এসব রেকর্ড দেখার সুযোগ দিতে অকারণ বিলম্ব করা যাবে না। (সেকশন II.A.4.c)।

- ব্যাখ্যা দেয়ে যে, যখন কোনো CPS কর্মী কোনো শিক্ষার্থীর উপরের পোশাক খুলবেন, তখন একজন স্কুল নার্স দ্বিতীয় ব্যক্তি উপস্থিত থাকার শর্ত (আরেকজন CPS কর্মী বা স্কুল কর্মকর্তা ছাড়া) পূরণ করতে পারেন (সেকশন II.A.4.f)।
- যখন CPS কর্মী কোনো শিক্ষার্থীকে নিরাপত্তা জিম্মাদারিতে নিতে চাইবেন, কিংবা এক বা একাধিক MDT সদস্য কোনো শিক্ষার্থীকে CAC/CPC-তে নিতে চাইবেন, তখন একজন CPS কর্মী বা MDT সদস্যের পরিচিতি যাচাই করার পদ্ধতি ব্যাখ্যা দেয় (সেকশন II.B.3.c)।
- প্রকাশ করে যে, কোনো শিক্ষার্থীকে যখন নিরাপত্তা জিম্মাদারিতে কিংবা কোনো CAC/CPC-তে নেওয়া হবে, তখন স্কুলকে অবশ্যই কোর্টের আদেশ, 701-C ফর্ম বা CAC/CPC MDT রিলিজ ফর্ম-এর একটি কপি সংরক্ষিত রাখতে হবে (সেকশন II.B.3.e)।
- প্রকাশ করে যে স্কুলগুলোকে অবশ্যই সকল শিক্ষার্থীর চাইল্ড প্রটেকটিভ সার্ভিসে নিয়ে যাওয়ার রেকর্ড ILOG এবং OORS-এ লিপিবদ্ধ রাখতে হবে (সেকশন II.B.3.j)।
- শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের উপস্থিতি তত্ত্বাবধান প্রসঙ্গে অনুপস্থিতি এবং কোন পরিস্থিতিতে শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অপর্যাপ্ত অনুপস্থিতিকে অবশ্যই ACS অথবা ACS-এর কোনো অংশীদার এজেন্সির কাছে জানাতে হবে, তার সংজ্ঞা প্রদান করে। (সেকশন III.A.2)।
- প্রকাশ করে যে, এই প্রবিধান দ্বারা সংজ্ঞায়িত শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট কোনো শিক্ষার্থীর প্রতিটি দিনের অনুপস্থিতির ক্ষেত্রে দায়িত্বে নিয়োজিত স্কুল স্টাফকে অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার সাথে ঠিক একই দিন যোগাযোগ করতে এবং এসব যোগাযোগের ব্যাপারে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে জানাতে হবে। যদি পিতামাতার সাথে যোগাযোগ করা হয়ে থাকে এবং পিতামাতা কোনো কারণ প্রদর্শন করেন, তাহলৈ প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি দায়ত্বপ্রাপ্ত স্কুল স্টাফের সাথে আলোচনাক্রমে নির্ধারণ করবেন যে, পিতামাতার দেখানো কারণটি সন্তোষজনক কি না (সেকশন III.C.4)।
- প্রকাশ করে যে দায়িত্বপ্রাপ্ত স্কুল স্টাফকে অবশ্যই প্রতিটি দিনের অনুপস্থিতির জন্য নিম্নলিখিত বিষয়গুলো ILOG-এ রেকর্ড রাখতে হবে: a) যদি অনুপস্থিতির জন্য পিতামাতার সাথে যোগাযোগ হয়, তাহলে পিতামাতা অনুপস্থিতির যে ব্যাখ্যা দেন, সেটা সন্তোষজনক বলে প্রিন্সিপ্যালের মনে করেন কি না; অথবা b) যদি পিতামাতার সাথে যোগাযোগ করা না যায়, যোগাযোগ করার চেষ্টা এবং যোগাযোগ করতে অক্ষমতা (সেকশন III.C.5)।
- প্রকাশ করে যে, সোশ্যাল সার্ভিস আইনের § 419 অনুযায়ী মহৎ উদ্দেশ্যে যেকোনো স্কুল কর্মচারী রিপোর্ট করলে, ছবি তুললে, কোনো ছেলেমেয়েকে প্রত্যাহার বা আটক করলে বা সোশ্যাল সার্ভিস আইনের অন্য ধারা অনুযায়ী ছেলেমেয়ের সুরক্ষা পরিষেবা সম্পর্কিত তথ্য প্রকাশ করে দিলে, যেক্ষেত্রে অন্যথায় সিভিল বা ক্রিমিন্যাল দায়বদ্ধ থাকতে হতো, তা থেকে তিনি রেহাই পাবেন (সেকশন IV.A.)।
- প্রকাশ করে যে, এই প্রবিধান মেনে চলার সাথে সংশ্লিষ্ট পদক্ষেপ থেকে কোনো কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ থেকেসিটি যেন সুরক্ষা দেয়, সে অনুরোধ জানানর অধিকার সকল কর্মচারীর আছে, সেটা প্রকাশ করে এবং ব্যাখ্যা দেয় যে, কোনো স্টাফের বিরুদ্ধে এই প্রবিধান মেনে চলার সাথে সংশ্লিষ্ট কোনো পদক্ষেপের কারণে কোনো কর্মচারীর বিরুদ্ধে DOE-এর কোনো প্রতিশোধমূলক পদক্ষেপ গ্রহণ করা নিষিদ্ধ (সেকশন IV.C, p. 13 and IV.E)।
- ব্যাখ্যা করে যে, ACS অফিস অভ এডুকেশন সাপোর্ট অ্যান্ড পলিসি প্ল্যানিং স্কুল-ভিত্তিক প্রশিক্ষণে ACS স্টাফদের অংশগ্রহণকে সমন্বয় করার জন্য প্রস্তুত (সেকশন V.A.3.c)।
- প্রকাশ করে যে, স্কুলগুলো যাতে শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট তাদের শিক্ষার্থীদের তালিকা পেতে ও পর্যালোচনা করতে পারে এবং এই প্রবিধানের সেকশন III.B অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে পারে, সেটা নিশ্চিত করার জন্য ফিল্ড সাপোর্ট সেন্টারের স্টুডেন্ট সার্ভিসেস-এর ডিরেক্টর দায়বদ্ধ (সেকশন V.B.2)।

- প্রকাশ করে যে, সকল স্কুল স্টাফকে রিপোর্ট করার এবং অন্যান্য যেসব দায়দায়িত্ব পালনের কথা প্রবিধানে উল্লেখ আছে, সেগুলো পালনে সক্ষম করবে, অবশ্যই প্রতি বছর 31 অক্টোবরের মধ্যে এমন প্রশিক্ষণ প্রদানের এবং সেসব প্রশিক্ষণে কী কী অন্তর্ভুক্ত থাকবে, তার ব্যাখ্যা করে (সেকশন VI.A.2)।
- বাধ্যতামূলক করে দেয় যে, প্রতিটি স্কুলকে বিজ্ঞপ্তি, OCFS নিশু নিগ্রহ/নিপীড়ন টেলিফোন হটলাইন নম্বর এবং OCFS ওয়েবসাইট ব্যবহার নির্দেশনা, এবং সেসব বিজ্ঞিপ্ত কীভাবে পিতামাতা, শিক্ষার্থী ও স্টাফদেরকে দিতে হবে, তার বিবরণ প্রদান করতে হবে ইংরেজি ও স্পানিশে এবং চ্যান্সেলরের প্রবিধান A-663-তে অন্তর্ভুক্তিমূলক ভাষাগুলোতে, (সেকশন VIII.D)।

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-750

বিষয়: A-750 শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস) এবং উৎপীড়ন রোধ 9/28/2017

শ্রেণীবিভাগ: শিক্ষার্থী

ইস্যুর তারিখ: 28 সেপ্টেম্বর, 2017

## চ্যান্সেলরের প্রবিধান

**নম্বর: A-750** ....... 1

**পরিবর্তনের সারাংশ** ....... 1

**সারসংক্ষেপ** ....... 8

**ভূমিকা** ....... 8

**সংজ্ঞাসমূহ** ....... 9

I. **নিউ ইয়র্ক স্টেট সেন্ট্রাল রেজিস্টার ফর চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন্ট (শিশু নিগ্রহ ও নিপীড়ন কেন্দ্রীয় রেজিস্টার)-এ রিপোর্ট করার প্রক্রিয়া** ....... 9

A. একটি রিপোর্ট করা ....... 9

B. একটি শিশুর আসন্ন বিপদ আশঙ্কায় করণীয় প্রক্রিয়া ....... 17

C. SCR যদি কোনো রিপোর্ট প্রত্যাখ্যান করে এবং/অথবা পুলিশের কাছে পাঠায়, সেক্ষেত্রে প্রক্রিয়া ....... **17**

D. শিক্ষাগত অবহেলার উপর ভিত্তি করে সন্দেহজনক নিপীড়নের রিপোর্ট করা....... **18**

II. **সন্দেহজনক শিশু নিগ্রহ ও নিপীড়নের CPS তদন্তের সাথে সহযোগিতা করার প্রক্রিয়া** ....... 19

A. CPS দ্বারা তদন্ত ....... 19

B. মাল্টাইডিসিপ্লিনারি টিমের তদন্তের বা অন্যান্য শিশু সুরক্ষামূলক সার্ভিসের জন্য শিক্ষার্থীকে চাইল্ড অ্যাডভোকেসি সেন্টারে/চাইল্ড প্রটেকটিভ সেন্টারে স্থানান্তর ....... 20

III. **শিশু কল্যাণ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের এলেমেন্টারি ও মিডল্ স্কুল প্রসঙ্গে অনুপস্থিতির উদ্বেগকে গুরুত্বপূর্ণ বিষয়ে উন্নীত করার নীতি ও পদ্ধতি (ধাপ বিশিষ্ট ব্যবস্থার নিয়ম)** ....... 22

A. ধাপ বিশিষ্ট ব্যবস্থা ....... 22

B শিশু কল্যাণ সংশ্লিষ্ট আছে, এমন শিক্ষার্থীদের সনাক্ত করা ....... 23

C. পর্যালোচনা ও মূল্যায়ন ....... 24

D. ACS অথবা ACS-এর অংশীদার এজেন্সির কাছে উদ্বেগের ধাপ বাধ্যতামূলকভাবে উন্নীত করা ....... 25

E. SCRACS-এর কাছে উদ্বেগের ধাপ বাধ্যতামূলকভাবে উন্নীত করা ....... 25

| | | | |
|---|---|---|---|
| **IV.** | | **বাধ্যতামূলক রিপোর্টারদের জন্য আইনি বিষয়সমূহ** | 25 |
| | A. | দায় থেকে রেহাই | 25 |
| | B. | রিপোর্ট করায় ব্যর্থতার জন্য দায়বদ্ধতা ও শাস্তি | 26 |
| | C. | প্রতিহিংসাপরায়ণ কর্মকাণ্ড নিষিদ্ধকরণ | 26 |
| | D. | স্কুল কর্মীদের উপর সপিনা জারি | 26 |
| | E. | কর্মচারিদের আইনি প্রতিনিধিত্বের অনুরোধ জানাবার অধিকার | 26 |
| **V.** | | **শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধের দায়বদ্ধতা এবং ইন্টারভেনশন (হস্তক্ষেপ) টিম ও ফিল্ড সাপোর্ট সেন্টারসমূহ** | **27** |
| | A. | শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও ইন্টারভেনশন টিমসমূহ | 27 |
| | B. | ফিল্ড সাপোর্ট সেন্টারসমূহ | 28 |
| **VI.** | | **স্টাফ প্রশিক্ষণ এবং পিতামাতা ও শিক্ষার্থীদের শিক্ষা** | **28** |
| | A. | স্টাফ প্রশিক্ষণ | 28 |
| | B. | পিতামাতার অংশগ্রহণ | 29 |
| | C. | শিক্ষার্থীদের শিক্ষা | 29 |
| **VII.** | | **অসদাচারণ রিপোর্ট করার জন্য DOE কর্মচারিদের বাধ্যবাধকতা** | **29** |
| **VIII.** | | **অবহিতকরণ** | **30** |
| **IX.** | | **চ্যান্সেলরের কাছে রিপোর্ট করা** | **31** |
| **X.** | | **কৌশলগত সহায়তা** | **31** |
| **XI.** | | **অবহিতকরণ** | **31** |

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-750
বিষয়: A-750 শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস) এবং উৎপীড়ন রোধ 9/28/2017
শ্রেণীবিভাগ: শিক্ষার্থী
ইস্যুর তারিখ: 28 সেপ্টেম্বর, 2017

## সার-সংক্ষেপ

এই প্রবিধান 22 ডিসেম্বর, 2016 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-750 কে হালনাগাদ করে এবং স্থলাভিষিক্ত হয়।

'নিউ ইয়র্ক সিটি সোশ্যাল সার্ভিস ল' অনুযায়ী স্কুলকর্মীদের জন্য সকল সন্দেহজনক শিশু নিগ্রহ ও নিপীড়ণের ঘটনা সরাসরি শিশু নিগ্রহ ও নিপীড়ণ বিষয়ক স্টেটের কেন্দ্রীয় রেজিস্টারে (SCR) রিপোর্ট করা বাধ্যতামূলক। এই প্রবিধান নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর স্কুলকর্মীদের যেসব বাধ্যবাধকতা রয়েছে, সেগুলোর ব্যবস্থা করে যাতে তারা এসব রিপোর্ট করেন এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ চিল্ড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (OCFS) এবং নিউ ইয়র্ক সিটি অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স (ACS)-এর তদন্তে সহযোগিতা করেন, যেগুলোকে একত্রে এই প্রবিধানে চাইল্ড প্রটেকটিভ সার্ভিসেস (CPS) হিসেবে উল্লেখ করা হয়েছে, এবং যাতে শিশুকল্যাণের সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অনুপস্থিতির উদ্বেগের ঘটনাগুলোকে গুরুতর বিবেচনা করেন।

## ভূমিকা

কোনো ছেলেমেয়েকে নিগৃহিত বা নিপীড়িত বলে বিবেচনা করা হবে, যদি সে ছেলেমেয়েটির বয়স 18 বছরের কম হয় এবং নিয়মিতভাবে একই বাড়িতে বসবাসকারী কোনো পিতামাতা, অভিভাবক, তত্ত্বাবধানকারী, অথবা ছেলেমেয়েটির দেখাশোনার দায়িত্বপ্রাপ্ত অপর কোনো ব্যক্তি, যাদের মধ্যে অন্তর্ভুক্ত আছে নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টার (NYCEEC)-এর কোনো কর্মচারী, এবং কোনো DOE LYFE সেন্টারের কোনো স্টাফ, ছেলেমেয়েটির ক্ষতি করেন, কোনো উল্লেখযোগ্য ক্ষতির ঝুঁকি তৈরি করেন বা ছেলেমেয়েটিকে সুরক্ষা দেওয়ার ন্যূনতম পর্যায়ের পদক্ষেপ গ্রহণ করতে ব্যর্থ হন। DOE স্কুলকর্মী, যাদের রিপোর্ট প্রদান বাধ্যতামূলক, তাদের জন্য কোনো সন্দেহজনক নিগ্রহ বা নিপীড়নের ঘটনা SCR-এর কাছে আ=অবিলম্বে রিপোর্ট করা বাধ্যতামূলক।

কোনো শিক্ষার্থীর প্রতি কোনো DOE কর্মচারি কিংবা DOE প্রোগ্রাম বা সার্ভিসের সাথে সংশ্লিষ্ট অপর কোনো ব্যক্তির দ্বারা সংঘটিত অসদাচারণ ও যৌন নিপীড়ন সম্পর্কে যে স্কুলকর্মীর উদ্বেগ রয়েছে, সে স্কুলকর্মীকে অবিলম্বে এসব উদ্বেগ সম্পর্কে স্পেশাল কমিশনার অভ ইনভেস্টিগেশন-এর কাছে রিপোর্ট করতে হবে।

যদি কোনো শিক্ষার্থী শিশু নিগ্রহ এবং/অথবা নিপীড়ন ছাড়া অপর কোনো সন্দেহভাজন অপরাধমূলক কর্মকাণ্ডের শিকারে পরিণত হয়, তাহলে স্কুলকর্মীকে অবশ্যই নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট (NYPD)-এর সাথে যোগাযোগ করতে হবে।

যদি, কোনো শিক্ষার্থীর স্বাস্থ্য বা সুরক্ষা নিয়ে এমন কোনো আসন্ন বিপদের ঝুঁকি দেখা দেয় বা কোনো শিক্ষার্থীর অবিলম্বে চিকিৎসা সহায়তার প্রয়োজন পড়ে, তাহলে অবিলম্বে 911-এ যোগাযোগ করতে হবে।

**সংজ্ঞা**

এই প্রবিধান জুড়ে যেসব পরিভাষা ব্যবহার করা হয়েছে, সেগুলোর সংজ্ঞা প্রদান করা হলো।

**পিতামাতা**

এই প্রবিধানে যখনই "পিতামাতা" শব্দটি ব্যবহৃত হয়েছে, তখন এর অর্থ হচ্ছে কোনো ছেলেমেয়ের পিতামাতা অথবা ছেলেমেয়ের দেখাশোনার জন্য দায়বদ্ধ ব্যক্তি। কোনো ছেলেমেয়ের দেখাশোনার জন্য দায়বদ্ধ ব্যক্তির অন্তর্ভুক্ত হলো একজন অভিভাবক, তত্ত্বাবধাকারী বা এমনো কোনো ব্যক্তি যার সাথে ছেলেমেয়ের পিতামাতাসূলভ বা তত্ত্বাবধানমুলক সম্পর্ক রয়েছে।

**শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস)**

কোনো 18 বছরের কম বয়সী শিশু নিগ্রহের শিকার হয় যদি ছেলেমেয়েটি গর্ভবতী হয়, কোনো ব্যক্তিকে লাগাতারভাবে বা নিয়মিত বিরতিসহ সে ছেলেমেয়ের বসতবাড়িতে একসাথে পাওয়া যায়, কিংবা কোনো DOE LYFE সেন্টারের কোনো কর্মচারী কিংবা কোনো NYCEEC-এর কর্মচারী দুর্ঘটনাজনিত কারণ ছাড়া কোনো ছেলেমেয়েকে শারীরিকভাবে মারাত্মক আহত করেন, কোনো দুর্ঘটনাজনিত কারণ ছাড়া পর্যাপ্ত ঝুঁকিপূর্ণ মারাত্মক শারীরিক আহত হওয়ার ঝুঁকিতে ফেলেন কিংবা সে ছেলেমেয়েকে যৌন নিপীড়ন করেন। কোনো একটি ব্যক্তি ছেলেমেয়ে নিগ্রহকারী হতে পারে যদি সে তার তত্ত্বাবধানে থাকা কোনো ছেলেমেয়ের সাথে এসব অপকর্ম করে বা অন্য কোনো ব্যক্তিকে সে ছেলেমেয়ের সাথে এসব অপকর্ম সংঘঠনের সুযোগ দেয় সাথে।

**শিশু নিপীড়ন**

নিপীড়ন বলতে সেসব দায়িত্বপ্রাপ্ত তত্তবাবধানকারীদের কাছে থেকে ছেলেমেয়ে যে মানের তত্ত্বাবধান পাচ্ছে, সেটাকে বুঝায়। নিপীড়ন সংঘটিত হয় তখন, যখন কোনো পিতামাতা, কোনো ব্যক্তি যিনি লাগাতারভাবে বা নিয়মিত বিরতিসহ ছেলেমেয়ের সাথে একই বাসবাড়িতে বসবাসর করেন, অথবা DOE LYFE সেন্টারের কর্মচারী বা কোনো NYCEEC-এর কর্মচারী কোনো 18 বছরের কম বয়সী ছেলেমেয়ের ক্ষতি করেন কিংবা ছেলেমেয়েটিকে আসন্ন নিম্নরূপ কোন ও বিপদে ফেলে দেন: 1) ছেলেমেয়েটিকে খাদ্য, পোশাক, আশ্রয়, শিক্ষা (ছেলেমেয়েটিকে শিক্ষাদান প্রসঙ্গে নিম্নতম স্তরের সেবাযত্ন প্রদানের ব্যর্থতার বিষয়টিকে এই প্রবিধানে শিক্ষাগত অবহেলা হিসেবে উল্লেখ করা হয়েছে) ন্যূনতম পর্যায়ের সেবাযত্ন এবং/অথবা আর্থিকভাবে সক্ষমতা থাকা সত্ত্বেও চিকিৎসাগত সেবাযত্ন প্রদানে ব্যর্থ হওয়া; 2) ছেলেমেয়েকে পরিত্যাগ করা; 3) ছেলেমেয়েকে পর্যাপ্ত নজরদারি করতে ব্যর্থ হওয়া 4) মাত্রাতিরিক্ত ড্রাগ বা অ্যালকোহল সেবনে নিমজ্জিত হওয়া যা ছেলেমেয়ের পর্যাপ্ত নজরদারি করার সক্ষমতায় ব্যাঘাত ঘটায়; এবং/অথবা 5) অযৌক্তিকভাবে মাত্রাতিরিক্ত দৈহিক শাস্তি প্রদান করা।

**রিপোর্টে অভিযুক্ত ব্যক্তি**

রিপোর্টে অভিযুক্ত ব্যক্তি হবে সেই ব্যক্তি, যার বিরুদ্ধে SCR-এ শিশু নিগ্রহ বা নিপীড়নের অভিযোগ করা হচ্ছে।

I. **শিশু নিগ্রহ এবং নির্যাতনের ঘটনা নিউ ইয়র্ক স্টেট সেন্ট্রাল রেজিস্টারে রিপোর্ট করার প্রক্রিয়া**

A. রিপোর্ট করার নিয়ম

1. সকল শিক্ষকতা ও শিক্ষকতা-বহির্ভূত স্কুলকর্মীদের জন্য শিশু নিগ্রহ ও নিপীড়নের রিপোর্ট করা বাধ্যতামূলক করা হয়েছে এবং তাদেরকে নিচের প্রক্রিয়া অনুযায়ী রিপোর্ট করতে হবে:

a. যখন কোনো 18 বছরের কম বয়সী ছেলেমেয়ে বাধ্যতামূলক রিপোর্টকারীর সামনে স্কুলের সাথে সম্পর্কিত কাজে বা পেশাদারীত্বে নিয়োজিত থাকাকালে আসে এবং সে ছেলেটি পিতামাতা, কোনো ব্যক্তি যাকে সব সময় বা বিরতিসহ নিয়মিতভাবে ছেলেমেয়েটির সাথে একই বসবাসস্থলে দেখা যায়; কিংবা DOE LYFE সেন্টার বা NYCEEC-এর কোনো কর্মচারীর দ্বারা নিগ্রহ বা নিপীড়নের শিকার হয়েছে বলে বাধ্যতামূলক রিপোর্টকারীর সন্দেহ করার যুক্তিসঙ্গত কারণ থাকে, তাহলে সে বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবিলম্বে সে সন্দেহের কথা SCR-এর কাছে বা 1-800-635-1522 নম্বরে ফোন করে রিপোর্ট করতে হবে। বাধ্যতামূলক রিপোর্টকারীকে এ ধরনের রিপোর্ট করার আগে নিশ্চিত হতে হবে না বা ছেলেমেয়ের সাক্ষাৎকার নিতে হবে না বা ছেলেমেয়ে কোনোভাবে যাচাই করে দেখতে হবে না।

b. যখন কোনো বাধ্যতামূলক রিপোর্টকারীর সামনে স্কুলের সাথে সম্পর্কিত কাজে বা পেশাদারীত্বে নিয়োজিত থাকাকালে সে ছেলেটির পিতামাতা, সেই ব্যক্তি যাকে সব সময় বা বিরতিসহ নিয়মিতভাবে ছেলেমেয়েটির সাথে একই বসবাসস্থলে দেখা যায়; কিংবা DOE LYFE সেন্টার বা NYCEEC-এর কোনো কর্মচারী, কোনো বাধ্যতামূলক রিপোর্টকারীর মুখোমুখী হন এবং ব্যক্তিগত জানা ঘটনা, অবস্থা বা পরিস্থিতির বিবরণ দেন, যা বাস্তব হলে, সেটা কোনো 18 বছরের কম বয়সের ছেলেমেয়েকে নিগৃহীত বা নিপীড়িত বলে ধারণা করতে হবে, তাহলে বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবিলম্বে সেকশন I.A.1.a.-তে উল্লিখিত নিয়মে SCR-এর কাছে বিপোর্ট করতে হবে।

c. বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই তার নিজের সাথে যোগাযোগের তথ্যসহ রিপোর্ট করা অভিযোগ সম্পর্কে যারা জানেন বলে বিশ্বাস করেন, তাদের প্রত্যেকের নাম, পদবী এবং যোগাযোগের তথ্য SCR-কে বাধ্যতামূলক রিপোর্টকারী যতটুকু পর্যন্ত তথ্য জানেন, সেসব রিপোর্ট করতে হবে। বাধ্যতামূলক রিপোর্টারকে অবশ্যই শিক্ষার্থী নিগ্রহ অথবা নিপীড়নের অভিযোগ সম্পর্কে তথ্য প্রদান করতে হবে, এবং অবশ্যই শিক্ষার্থী স্পেশাল এডুকেশন সার্ভিস পাচ্ছে কিনা এবং তার প্রতিবন্ধিতার প্রকৃতি সম্পর্কে যতটা তথ্য বাধ্যতামূলক রিপোর্টকারী জানেন, তা জানাতে হবে।

d. সন্দেহভাজন নিপীড়নের রিপোর্ট করার বাধ্যবাধকতার পিছনে রয়েছে যেসব শিক্ষাগত অবহেলা, তা উল্লেখ করা হয়েছে সেকশন I.D-তে। কোনো শিক্ষার্থীর অনুপস্থিতির সাথে সম্পর্কিত পারিপার্শ্বিক পরিস্থিতি অনুসন্ধান প্রক্রিয়ার অন্তর্ভুক্ত আছে কোনো শিক্ষার্থীর অনুপস্থিতি শিক্ষাগত অবহেলা কি না, অথবা অন্য কোনো ধরনের নিপীড়ন বা শিশু নিগ্রহ কি না, সেটা নির্ণয় করা, যার ঠিক করা আছে চ্যান্সেলরের প্রবিধান A-210 (অ্যাটেনডেন্স প্রোগ্রামের মানদণ্ড)-তে।

2. যখনো কোনো মৌখিক রিপোর্ট করা হয়, তখন তখন বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই SCR-কে "কল I.D." নম্বর জানাতে বলতে হবে। "কল I.D." নম্বর অবশ্যই সংরক্ষণ করতে ও রিপোর্টকারী ও স্কুল কর্মকর্তাদেরকে OCFS LDSS-2221A লিখিত রিপোর্ট পূরণ করার এবং DOE অনলাইন অকারেন্স (OORS) রিপোর্ট পূরণ করা সময় ব্যবহার করতে হবে। (I.A.5 এবং IX. দ্রষ্টব্য)

3. SCR-এর কাছে রিপোর্ট করার পর, বাধ্য রিপোর্টার অবশ্যই অতিসত্বর(এবং স্কুল দিবস শেষ হবার পরে নয়), প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে জানাবেন এবং "কল আইডি" নম্বর প্রদান করবেন। এই প্রবিধানে যেভাবে "প্রিন্সিপ্যাল" শব্দটিকে ব্যবহার করা হয়েছে, সেটা DOE প্রি-K সেন্টারের আর্লি চাইল্ডহুড ডিরেক্টরকেও বুঝায়। প্রিন্সিপ্যালের ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই শিশু নিগ্রহ (চাইল্ড অ্যাবিউস) এবং উৎপীড়ন রোধ ও হস্তক্ষেপ টিম-এর সদস্য হতে হবে (সেকশন V)। এই প্রবিধান সংশ্লিষ্ট বিষয়ে প্রিন্সিপ্যালদের দায়িত্বসমূহের কথা নিচে আরও উল্লেখ করা হয়েছে। যদি প্রিন্সিপ্যাল এই দায়িত্বগুলো অন্য কারও উপর অর্পণ করতে চান, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই বার্ষিকভিত্তিতে একজনকে নিযুক্ত করতে হবে।
4. যদি বাধ্যতামূলক রিপোর্টারের কোনো যুক্তিসঙ্গত কারণ থাকে কোনো ছেলেমেয়ের নিগ্রহ বা নিপীড়নের শিকার বলে সন্দেহ করার এবং ইতোমধ্যে একই ঘটনা, অবস্থা বা পরিস্থিতির ভিত্তিতে SCR-এর কাছে স্কুলের অন্য কোনো বাধ্যতামূলক রিপোর্টকারী রিপোর্ট করেছেন বলে সরাসরি জানা থাকে, তাহলে তাকে অবিলম্বে নিম্নলিখিতগুলোর কোনোটি করতে হবে: 1) সন্দেহের কথা সরাসরি SCR-এর কাছে রিপোর্ট করতে হবে উপরের নিয়ম অনুযায়ী; অথবা 2) প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে কথা বলতে হবে। যদি প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি নিশ্চিত করেন যে অন্য একটি রিপোর্ট করা হয়েছে অথবা তিনি অবশ্যই দ্রুত দায়বদ্ধ রিপোর্টারকে "কল আইডি"নম্বর প্রদান করবেন। যদি প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি নিশ্চিত না করেন যে আরেকটি রিপোর্ট করা হয়নি, তাহলে বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই অবিলম্বে SCR-এ কল করে রিপোর্ট করতে হবে এবং উপরে বেঁধে দেওয়া প্রক্রিয়া অনুসরণ করতে হবে। যদি প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এ ধরনের নিশ্চয়তা দেন কিন্তু বাধ্যতামূলক রিপোর্টকারীর কাছে স্কুল দিবস শেষ হওয়া অবধি কোনো "কল I.D." নম্বর না দেন, তাহলে বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবিলম্বে SCR-এর কাছে ফোন করতে হবে এবং উপরে যে নিয়ম বেঁধে দেওয়া আছে, সেটা অনুসরণ করতে হবে (সেকশন I.A.10.a.ii – iii)।
5. বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই LDSS-2221A ফর্ম ব্যবহার করে SCR-এর কাছে মুখে মুখে রিপোর্ট করার 48 ঘণ্টার মধ্যে একটি লিখিত রিপোর্ট তৈরি করতে হবে। এই লিখিত রিপোর্ট অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে: a) রিপোর্ট করা অভিযোগ সম্পর্কে সরাসরি যাদের সংযোগ রয়েছে বলে বিশ্বাস হয়, তেমন স্টাফদের প্রত্যেকের নাম, পদবী এবং যোগাযোগের তথ্য; b) নিগৃহ বা নিপীড়নের অভিযোগটি একটি প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়ে হলে সে ছেলেমেয়ের প্রতিবন্ধিত্বের  এবং তাকে স্কুলে যে ডাক্তারি বা রিলেটেড সার্ভিস দেওয়া হয়, তার বিবরণ দিতে হবে ; এবং c) SCR-এর দেওয়া "কল I.D." নম্বর। অনুসন্ধান শেষে বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই প্রাপ্ত ফলাফলের একটি কপি চেয়ে নিতে হবে ফর্ম-এ যেখানে লিখা আছে "the Mandated Reporter Requests Finding of Investigation." (বাধ্যতামূলক রিপোর্টকারী অনুসন্ধানের ফলাফল জানার অনুরোধ করছেন), সেখানে "Yes" (হ্যাঁ) চেকবক্স চিহ্নিত করে। DOE-এর চইল্ড অ্যাবিউস প্রিভেনশন (শিশু নিগ্রহ প্রতিরোধ) ওয়েবসাইট থেকে ফর্ম-এর কপি পাওয়া যাবে: http://ocfs.ny.gov/main/Forms/cps/LDSS-2221A.dot. LDSS-2221A লিখিত রিপোর্ট অবশ্যই ইমেইলে বা ডাকযোগে সংশ্লিষ্ট বরো-এর স্থানীয় CPS ফিল্ড অফিসে পাঠাতে হবে যেখানে রিপোর্টে অভিযুক্ত ব্যক্তি বসবাস করে (নিচে CPS-এর যোগাযোগের তথ্য দেখুন)।

6. স্কুলকে অবশ্যই সকল LDSS-2221A লিখিত রিপোর্ট-এর একটি কপি 'রিপোর্টস্ অভ সাসপেকটেড চাইল্ড অ্যাবিউস' (শিশু নিগ্রহের রিপোর্ট) শিরোনামের ফাইলে রাখতে এবং শুধু প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি দেখতে পারেন, এমন সুরক্ষিত স্থানে সংরক্ষণ করতে হবে। রিপোর্টের একটি কপি অবশ্যই ফিল্ড সাপোর্ট সেন্টার (FSC)-এ স্টুডেন্ট সার্ভিসের ডিরেক্টরের কাছে পাঠাতে হবে, তিনিএ একইভাবে এসব রিপোর্ট সংরক্ষণ করবেন (শিশু নিগ্রহ নিরোধ ও হস্তক্ষেপ বিষয়ে FSC স্টুডেন্ট সার্ভিসর ডিরেক্টরের দায়িত্ব সেকশন V.B-তে নির্ধারণ করে দেওয়া আছে)।
7. যদি বাধ্যতামূলক রিপোর্টকারী শিশু নিগ্রহ বা নিপীড়নের ঘটনা সম্পর্কিত অভিযোগ নিয়ে বাড়তি তথ্য জানতে পারেন যা আগে রিপোর্ট করা হয়েছিল, তাহলে বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই বাড়তি তথ্য পাওয়ার 24 ঘণ্টার মধ্যে SCR-কে ফোন করতে হবে, জানাতে হবে যে আগে রিপোর্ট করা ঘটনা সম্পর্কে তার কাছে বাড়তি তথ্য আছে এবং কোনো বাড়তি কর্মচারী যার কাছে অভিযোগ সম্পর্কে সরাসরি জানা বাড়তি তথ্য থাকতে পারে, তার নাম, পদবি ও যোগাযোগের তথ্যসহ জানতে পারা সকল নতুন তথ্য জানিয়ে দেবেন। যদি বাড়তি তথ্যে নতুন অভিযোগ অন্তর্ভুক্ত না থাকে, তাহলে একটি নতুন LDSS-2221A লিখিত রিপোর্টের প্রয়োজন হবে না। বাড়তি তথ্যের রিপোর্ট জানাতে SCR-কে ফোন করার পর বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই ঘটনাটি রিপোর্ট করতে হবে যে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে বাড়তি ফোন করা হয়েছিল এবং বাড়তি তথ্য অন্তর্ভুক্ত করার জন্য LDSS-2221A লিখিত রিপোর্ট যা আগে জমা দেওয়া হয়েছিল, তা হালনাগাদ করা হয়েছে এবং হালনাগাদকৃত রিপোর্ট সেকশন I.A.5-এর বিধান অনুযায়ী জমা দেওয়া হয়েছে।
8. যদি সন্দেহকৃত শিশু নিগ্রহ বা নিপীড়নের বাড়তি অভিযোগ উঠে এমন একটি শিশুকে কেন্দ্র করে যে আগে করা একটি রিপোর্টের সাথে সংশ্লিষ্ট ছিলো এবং এ ধরনের অভিযোগগুলো হচ্ছে এমন অভিযোগ যা বিস্তৃত হয়েছে শিশুটি সম্পর্কে আগের রিপোর্টটির কারণ থেকে ভিন্ন ঘটনা, পরিস্থিতি বা পারিপার্শ্বিকতা থেকে, সেসব সন্দেহের বিষয়ে অবশ্যই SCR-এর কাছে রিপোর্ট করতে হবে এবং একটি নতুন LDSS-2221A লিখিত রিপোর্ট অবশ্যই প্রস্তুত করতে এবং সেকশন I.A.1-তে উল্লিখিত নিয়ম মেনে জমা দেওয়া হয়েছে।

CPS-এর যোগাযোগের তথ্য

LDSS-2221A লিখিত রিপোর্টসমূহ ইমেইল করা যেতে পারে সেসব ইমেইল ঠিকানাগুলোতে যা পাওয়া যাবে নিচের ওয়েবপেজে: https://infohub.nyced.org/partners-and-providers/health-and-wellness/reporting-child-abuse/.

সংশ্লিষ্ট বরো CPS অফিসগুলোতে LDSS-2221A লিখিত রিপোর্ট ডাকযোগে পাঠাবার ঠিকানা নিচে দেওয়া হলো:

স্থানীয় রেজিস্টার

**ম্যানহ্যাটন ফিল্ড অফিস**

Applications Unit

55 West 125th Street - 3rd Floor

New York, NY 10027

স্থানীয় রেজিস্টার

**ব্রুকলিন ফিল্ড অফিস**

Applications Unit

1274 Bedford Ave. - 2nd Floor

Brooklyn, NY 11216

স্থানীয় রেজিস্টার

**ব্রংক্স ফিল্ড অফিস**

Applications Unit

2501 Grand Concourse

5th floor

Bronx, NY 10468

স্থানীয় রেজিস্টার

**কুইন্স ফিল্ড অফিস**

Applications Unit

165-15 Archer Avenue - 3rd Floor

Jamaica, NY 11433

**স্থানীয় রেজিস্টার**

**স্ট্যাটেন আইল্যান্ড ফিল্ড অফিস**

Applications Unit

350 St. Mark's Place - 3rd Floor

Staten Island, NY 10301

9. দায়বদ্ধ রিপোর্টারদের দ্বারা করা SCR-এর রিপোর্টগুলি গোপনীয়, কিন্তু তা নামহীনভাবে করা যাবে না । দায়বদ্ধ রিপোর্টারগণ অবশ্যই SCR-এ তাদের নাম দেবেন। CPS কর্মীদের জন্য বাধ্যতামূলক বিপোর্টকারীদের নাম বা বাধ্যতামূলক রিপোর্ট প্রদানকারীর সাথে সংশ্লিষ্ট স্কুলের পরিচিতি, রিপোর্টের বিষয়বস্তু, কিংবা পরিবারের কথা অনুসন্ধান চলাকালে পিতামাতার কাছে প্রকাশ করা নিষিদ্ধ। তদুপরি স্কুল কর্মচারিগণ বাধ্যতামূলক রিপোর্টদাতার নাম প্রকাশ করতে পারবেন কিংবা স্কুল যে রিপোর্ট করেছে, সেটা পিতামাতার কাছে, রিপোর্টকৃত ব্যক্তির কাছে, কিংবা পরিবার, অথবা সোশ্যাল সার্ভিস আইন অনুযায়ী এই তথ্য পাওয়ার জন্য যিনি স্বীকৃত নন, তার কাছে নিশ্চিত করতে পারবেন না। সোশ্যাল সার্ভিস আইন অনুযায়ী অনুযায়ী রিপোর্টকারী ব্যক্তির পরিচিতি শুধু স্থানীয় CPS, কোনো আদালত, গ্র্যান্ড জুরি, ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, পুলিশ বা অনুমতিপ্রাপ্ত এ ধরনের অপর কোনো এজেন্সিকে জানানো যেতে পারে।

যদি কোনো বাধ্যতামূলক রিপোর্টকারীর কোনো যুক্তি থাকে এটা সন্দেহ করার যে তার তথ্য কোনো DOE স্টাফদের কাছে থেকে আইনত এসব তথ্য পাওয়ার জন্য স্বীকৃত নয় এমন কোনো পক্ষের কাছে প্রকাশ করা হয়েছে, তাহলে অবিলম্বে ডিপার্টমেন্টের অভিস অভ লিগাল সার্ভিসেস-এর কাছে 212-374-6888 নম্বরে জানাতে হবে। যদি স্কুলের কর্মচারী বিশ্বাস করেন যে একজন CPS কর্মকর্তা কোনো বাধ্যতামূলক রিপোর্টকারীর পরিচিতি বা রিপোর্টের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি বা কোনো পিতামাতা অথবা পরিবারের অন্য কোনো সদস্যের কাছে স্কুলের সংশ্লিষ্টতা প্রকাশ করেছেন, এই উদ্বেগ ACS অফিস অভ সেফটি ফার্স্ট-এর অফিস-এ 718-543-7233 নম্বরে রিপোর্ট করতে হবে।

10. নিগৃহীত বা নিপীড়িত বলে সন্দেহকৃত কোনো ছেলেমেয়ের ছবি তোলার নিয়ম

সন্দেহকৃত শিশু নিগ্রহ বা নিপীড়নের অভিযোগের সাথে সংশ্লিষ্টতার ক্ষেত্রে DOE-এর নীতি হলো দৃশ্যমান কোনো ক্ষতের ছবি তুলতে হবে নিচে উল্লিখিত নিয়ম অনুযায়ী। ছবি অবশ্যই কোনো গোপন স্থানে তুলতে হবে যাতে ছেলেমেয়েদের স্বার্থ ও গোপনীয়তা ভালভাবে রক্ষিত হয়। সম্ভব হলে ও উপযোগী হলে ছেলেমেয়েকে নার্সের অফিসে কিংবা স্কুলের মেডিকেল রুমে নিয়ে যেতে হবে যাতে ছবি তোলা যায়। ছবি শুধু এমন কাউকে তুলতে হবে যিনি প্রাসঙ্গিক বিষয়ে নিউ ইয়র্ক সিটির প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। ন্যূনতমপক্ষে, প্রতিটি স্কুলে, স্কুল নার্স ও দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁকে (স্টাফদের একজন যিনি প্রিন্সিপ্যাল কর্তৃক নিযুক্ত হয়েছেন শিশু নিগ্রহ ও নিপীড়ন বিষয়ে সেকশন V.A.2 অনুযায়ী স্টুডেন্ট সার্ভিসের FSC ডিরেক্টরের সাথে একজন লিয়াজোঁ হিসেবে কাজ করার জন্য) এই প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। স্টাফদের মধ্য থেকে কমপক্ষে দুইজন প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। যদি কোনো স্কুল নার্স ভবনে দায়িত্বপ্রাপ্ত না থাকেন, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই বিকল্প কোনো একজন স্টাফকে প্রশিক্ষণের জন্য বেছে নিতে হবে; বাড়তি স্টাফও এই প্রশিক্ষণ সম্পন্ন করতে পারেন।

a. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করা ও SCR-এর রিপোর্ট করা।

i. যখন কোনো বাধ্যতামূলক রিপোর্টকারী আঘাতের দৃশ্যমান চিহ্ন দেখতে পান এবং শিশু নিগ্রহ বা নির্যাতনের সন্দেহ করার যুক্তিসঙ্গত কারণ থাকে তখন বাধ্যতামূলক রিপোর্টকারীকে: a) প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবিলম্বে জানাতে হবে যাতে সন্দেহকৃত শিশু নিগ্রহ বা নিপীড়ন এবং দৃশ্যমান আঘাতের চিহ্নের কারণে ছবি তোলা হয়; b) এরপরই তাকে সেকশন I.A.1 অনুযায়ী একটি মৌখিক রিপোর্ট করতে হবে SCR-এর কাছে, এবং সেকশন I.A.3 অনুযায়ী স্কুল দিবস সমাপ্তির আগেই প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে "কল ID" নম্বর প্রদান করবেন।

ii. যখন প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে সন্দেহজনক শিশু নিগ্রহ বা নিপীড়নের ঘটনা এবং দৃশ্যমান আঘাতের চিহ্নের কথা জানানো হবে, তখন প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবিলম্বে নার্স বা দায়বদ্ধ লিয়াজোঁ কিংবা অপর কোনো প্রশিক্ষিত কর্মচারিকে দৃশ্যমান আঘাতের ছবি তোলার দায়িত্ব দেবেন।

iii. যে ব্যক্তি ছবি তোলবেন, তাকে অবশ্যই SCR-এর কাছে রিপোর্ট করা হয়েছে কি না, তা প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে জিজ্ঞেস করে নিশ্চিত করে নিতে হবে। যদি প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি নিশ্চিত করেন যে একটি রিপোর্ট করা হয়েছে তাহলে তিনি অবশ্যই অবিলম্বে যিনি ছবি তোলবেন, সেকশন I.A.4-এ প্রতিষ্ঠিত নিয়মানুযায়ী তাকে "কল I.D." নম্বর প্রদান করবেন। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি একটি রিপোর্ট করা হয়েছে বলে নিশ্চিত না করেন, তাহলে যে ব্যক্তি ছবি তোলেছেন, তাকে অবশ্যই অবিলম্বে SCR-কে ফোন করতে হবে এবং সেকশন I.A.1-5-এ রিপোর্ট করার যে নিয়ম বেঁধে দেওয়া আছে, সেটা অনুসরণ করতে হবে। যদি প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এ ধরনের নিশ্চয়তা দেন কিন্তু বাধ্যতামূলক রিপোর্টকারীর কাছে স্কুল দিবস শেষ হওয়া অবধি কোনো "কল I.D." নম্বর না দেন, তাহলে বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবিলম্বে SCR-এর কাছে ফোন করতে হবে এবং I.A.1-5-এ যে নিয়ম বেঁধে দেওয়া আছে, সেটা অনুসরণ করতে হবে।

iv. ডেজিগনেটেড লিয়াজোঁ (নির্ধারিত সমন্বয়কর্তা) যদি ছবি তোলার জন্য দায়বন্ধ না থাকেন, তাহলে তাকে ছবি তোলা সম্পন্ন হওয়ার পরে অবিলম্বে, তবে 24 ঘণ্টার পর নয়, ছবি তোলা সম্পন্ন হওয়ার কথা প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জানিয়ে দিতে হবে।

v. বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই লিখিতি LDSS-2221A রিপোর্ট SCR-এর কাছে মৌখিক রিপোর্ট প্রদানের 48 ঘণ্টার মধ্যে সেকশন 1.A.5-এ প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী জমা দিতে হবে। বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই "Photographs" (আলোকচিত্র) বক্স চিহ্নিত করতে হবে যেখানে বলা হয়েছে "Actions Taken or About to be Taken" (পদক্ষেপ গৃহীত হয়েছে বা শীগ্রই হতে যাচ্ছে)।

b. ছবি তোলা

i. ছবি অবশ্যই কোনো গোপন স্থানে তুলতে হবে এমনভাবে যাতে ছেলেমেয়েদের স্বার্থ ও গোপনীয়তা ভালভাবে রক্ষিত হয়। সম্ভব হলে ও উপযোগী হলে শিক্ষার্থীকে নার্সের অফিসে কিংবা স্কুলের মেডিকেল রুমে নিয়ে যেতে হবে যাতে ছবি তোলা যায়।

ii. ছবি অবশ্যই তুলতে হবে একটি সিটি মালিকানাধীন ডিভাইস ব্যবহার করে যা কোনো স্টাফের জন্য ইস্যু করা এবং কোনো ব্যক্তিমালিকানার ডিভাইসে তোলা যাবে না।

iii. ছবি শুধু এমন কাউকে তুলতে হবে যিনি প্রাসঙ্গিক বিষয়ে নিউ ইয়র্ক সিটির প্রশিক্ষণ সম্পন্ন করেছেন।

iv. ছেলেমেয়ের যৌনাঙ্গ, দেহের গোপন অংশ বা স্তন এলাকার ছবি তোলা বা পরীক্ষা করা যাবে না।

c. ছেলেমেয়ের ক্ষত/ক্ষতসমূহের ছবি ACS-এর কাছ পাঠানো

i. ছবি তোলার পর ছবিসহ ডিভাইসকে অবশ্যই সাথে সাথে নির্ধারিত সমন্বয়কর্তার কাছে দিয়ে দিতে হবে।

ii. নির্ধারিত সমন্বয়কর্তাকে অবশ্যই নিম্নলিখিত তথ্য সংগ্রহ করতে হবে: SCR "কল I.D" নম্বর; শিক্ষার্থীর নাম, শিক্ষার্থীর OSIS নম্বর; এবং LDSS-2221A লিখত রিপোর্ট জমা দেওয়ার তারিখ।

iii. লিখিত LDSS-2221A রিপোর্ট জমা দেওয়ার সময়, অথবা পরবর্তিতে যখন সম্ভব হবে, নির্ধারিত সমন্বয়কর্তাকে অবশ্যই একটি এনক্রিপটেড (সুরক্ষিত) ইমেইলযোগে সিটি-মালকানার ডিভাইস থেকে DOE প্রতিষ্ঠিত পদ্ধতি অনুসরণ করে ছবি সংযুক্ত করে  নিচে নির্দেশিত নির্ধারিত বরোভিত্তিক ACS ইমেইল ইনবক্স-এ পাঠাতে হবে। ইমেইলে অবশ্যই যা যা অন্তর্ভুক্ত থাকতে হবে: SCR "কল I.D" নম্বর; শিক্ষার্থীর নাম; শিক্ষার্থীর OSIS নম্বর; সংযুক্ত ছবির সংখ্যা; প্রেরকের নাম; এবং স্কুলের নাম ও DBN।
ব্রংক্স: DOEPhotosBronx@acs.nyc.gov
ব্রুকলিন: DOEPhotosBrooklyn@acs.nyc.gov
ম্যানহ্যাটান: DOEPhotosManhattan@acs.nyc.gov
কুইন্স: DOEPhotosQueens@acs.nyc.gov
স্ট্যাটেন আইল্যান্ড: DOEPhotosStatenIsland@acs.nyc.gov

d. ছবি ধারণ করা ও সংরক্ষণ করা

i. নির্ধারিত সমন্বয়কর্তাকে অবশ্যই ছবির একটি কপি প্রিন্ট করতে হবে। ছবিকে অবশ্যই সেকশন I.A.6-এ প্রতিষ্ঠিত নিয়ম মেনে LDSS-2221A লিখিত রিপোর্টের সাথে সুরক্ষিত স্থানে রাখতে হবে যা শুধু প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির দেখার সুযোগ আছে। রিপোর্ট ও ছবি গোপন নথি এবং সেগুলোকেরিপোর্টে অভিযুক্ত ব্যক্তি, পিতামাতা, অথবা পরিবারের কাছে প্রকাশ করা যাবে না, এবং শুধু সেকশন I.A.9 দ্বারা প্রতিষ্ঠিত সোশ্যাল সার্ভিস আইন অনুযায়ী অনুমোদিত ব্যক্তিদের কাছে এ ধরনের তথ্য প্রকাশ করা যাবে।

ii. ছবিগুলো ACS-এর কাছে প্রেরণের এবং ছবি কপি করার পর নির্ধারইত সমন্বয়কর্তাকে অবশ্যই ACS-এর ইমেইল প্রাপ্তির নিশ্চিতকরণ ইমেইল সংরক্ষণ করবেন, সিটি-মালিকানার ডিভাইস থেকে ছবি মুছে দেবেন, এবং ACS-এর কাছে পাঠানো ইমেইল ও সংযুক্ত ছবি ডিলিট করবেন।

e. SCR সন্দেহকৃত শিশু নিগ্রহ ও নিপীড়ণের রিপোর্ট গ্রহণ করতে অস্বীকৃত হলে যে প্রক্রিয়া অনুসরণ করতে হবে

i. যদি SCR সন্দেহকৃত শিশু নিগ্রহ ও নিপীড়ণের রিপোর্ট গ্রহণ করতে অস্বীকৃতি জানায়, তাহলে বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই সেকশন I.C.1-তে প্রতিষ্ঠিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

ii. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নির্ধারিত সমন্বয়কর্তাকে জানাতে হবে যে রিপোর্টটি প্রত্যাখ্যাত হয়েছে। নির্ধারিত সমন্বয়কর্তাকে নিশ্চিত করতে হবে যে ILOG-এর অন্তর্ভুক্তি এটা প্রতিফলন করে যে, রিপোর্টটিতে সত্যটি হালনাগাদা হয়েছে যে, SCR কর্তৃক রিপোর্টটি প্রত্যাখ্যাত হয়েছিল, এজন্য যে ছবি তোলা হয়েছিল, সে ছবি সিটি-মালিকানার ডিভাইস থেকে সাথে সাথে মুছে ফেলা হয়েছে। এ ছবির কোনো কপি করা হবে না রাখা হবে না।

11. DOE কর্মকর্তাকে অবশ্যই SCR-এর কাছে না করে নিউ ইয়র্ক স্টেট জাস্টিস সেন্টারের ভালনারেবল্ পারসন্স সেন্ট্রাল রেজিস্টার (VCPR)-এ  855-373-2122 ফোনে একটি রিপোর্ট করতে হবে, যদি তাদের জন্য যুক্তিসঙ্গত কারণ থাকে একটি আবাসিক ব্যবস্থায় স্টাফদের দ্বারা যে কোনো বয়সী ব্যক্তির নিগৃহীত বা নিপীড়িত হয়েছে বলে সন্দেহ করার।

B. কোনো ছেলেমেয়ের আসন্ন বিপদের কথা জানানোর প্রক্রিয়া

1. যদি যে কোনো সময় কোনো শিক্ষার্থীর স্বাস্থ্য বা সুরক্ষা নিয়ে এমন কোনো আসন্ন বিপদের ঝুঁকি আছে বা কোনো শিক্ষার্থীর অবিলম্বে চিকিৎসা সহায়তার প্রয়োজন বলে বিশ্বাস করার পর্যাপ্ত কারণ থাকে, তাহলে অবিলম্বে 911-এ অবশ্যই কল করতে হবে।
2. যদি কোনো CPS কর্মীর সাথেস্কুল দিবস শেষ হওয়া পর্যন্ত যে দিনটিতে নিশু নিগ্রহ বা নিপীড়নের ঘটনা ঘটেছে বলে SCR-এর কাছে রিপোর্ট করা হয়েছে, সেদিনটির সূচিভুক্ত worker has not made contact by the end of the scheduled school day on which a report of suspected child abuse or maltreatment was made to SCR and it is believed that the child's life, health or safety is in imminent danger if the child returns home, the principal/designee must notify the FSC Director for Social Services and then call 911 for emergency police assistance.

C. SCR যদি কোনো রিপোর্ট প্রত্যাখ্যান করে এবং/অথবা পুলিশের কাছে পাঠায়, সেক্ষেত্রে প্রক্রিয়া

1. যদি কোনো SCR অপারেটর রিপোর্ট গ্রহণ করতে অস্বীকার করে, তাহলে বাধ্যতামূলক রিপোর্টকারী SCR সুপারভাইজরকে রিপোর্টটি রিভিউ করার অনুরোধ জানাতে পারেন। যদি কোনো রিপোর্ট গৃহীত না হয়, তাহলে বাধ্যতামূলক রিপোর্টকারীকে অবশ্যই যিনি পেলিফোনে কথা বলেছিলেন, সেই SCR অপারেটর এবং/অথবা সুপারভাইজারের নাম সংগ্রহ করতে হবে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে ঘটনাটি জানাতে হবে যে একটি রিপোর্ট করা হয়েছিল ও তা গৃহীত হয়নি এবং ILOg-এ এটি লিপিবদ্ধ করতে হবে।
2. কিছু কিছু ক্ষেত্রে SCR কোনো 'ল এনফোর্সমেন্ট রেফারেল' (আইন প্রয়োগকারী সংস্থা, (LER)-এর কাছে প্রেরণ করতে পারেন ও শিশু নিগ্রহ ও নিপীড়নের অনুসন্ধানের জন্য NYPD-এর কাছে রিপোর্ট করার সুপারিশ করতে পারেন। স্কুল কর্মকর্তাগণকে অবশ্যই পুলিশী এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের তদন্তে সহযোগিতা করতে হবে।
3. যেক্ষেত্রে NYPD কোনো শিক্ষার্থীকে শিশু নিগ্রহ ও নিপীড়নের জন্য পিতামাতার বিরুদ্ধে অভিযোগ সম্পর্কে প্রশ্ন করতে চাইবে, তখন প্রিন্সিপ্যালকে অবশ্যই প্রশ্ন করার জন্য অনুমোদন দিতে হবে এবং তিনি অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার সাথে যোগাযোগ করবেন না। যেক্ষেত্রে পুলিশ শিক্ষার্থী নিগ্রহ অভিযোগের তদন্তের জন্য কোন শিক্ষার্থীকে প্রশ্ন করে এমন একজন ব্যক্তির বিরুদ্ধে যিনি অব্যাহতভাবে অথবা নিয়মিত শিশু নিগ্রহ ও নিপীড়নের শিকার বলে সন্দেহকৃত শিক্ষার্থীর সাথে একই বাড়িতে বসবাস করে, প্রিন্সিপ্যালের সাথে পরামর্শের পর NYPD স্থির করবে শিক্ষার্থীর পিতামাতার সাথে যোগাযোগ ব্যতীত জেরা করা হবে কিনা এবং প্রিন্সিপ্যাল সেই অনুসারে পদক্ষেপ নেবেন। উভয় ক্ষেত্রে, প্রিন্সিপ্যাল, অথবা অন্য কোন ব্যক্তি যার সাথে শিক্ষার্থী স্বাচ্ছন্দ্য বোধ করে, তাকে ইন্টারভিউয়ের সময় উপস্থিত থাকতে হবে, যদি না শিক্ষার্থী অন্য কোন ইচ্ছা প্রকাশ করে।
4. কোনো শিক্ষার্থীর রেকর্ড প্রকাশ করা হতে পারে পারিবারিক শিক্ষাগত অধিকার ও গোপনীয়তা আইন 20 U.S.C. § 1232g-এর স্বাস্থ্য ও সুরক্ষার জরুরি পরিস্থিতির কারণে বেঁধে দেওয়া ব্যতিক্রমী নিয়ম অনুযায়ী, যদি পুলিশ বা ডিস্ট্রিক্ট অ্যাটর্নি স্কুলকে অবহিত করেন যে, তারা শিশু নিগ্রহ ও নিপীড়নের একটি অভিযোগ তদন্ত করছেন, তাহলে স্কুল কর্তৃপক্ষ পুলিশ বা ডিস্ট্রিক্ট অ্যাটর্নির কাছে কোনো তথ্য প্রকাশের আগে তাদের সিনিয়র ফিল্ড কাউন্সেল-এর কাছে পরামর্শের জন্য ফোন করতে পারেন, তবে এসব রেকর্ড প্রকাশে অকারণে বিলম্ব করা যাবে না।

5. যেক্ষেত্রে NYPD কোনো শিক্ষার্থীকে প্রশ্ন করতে চায় শিশু নিগ্রহ বা নিপীড়ণের অভিযোগ ছাড়া সংঘটিত অন্য কোনো অপরাধের অভিযোগ নিয়ে, যে অভিযোগটি করেছেন ছেলেমেয়েটির বিরুদ্ধে তার পিতামাতা কিংবা এমন কোনো ব্যক্তি যিনি অব্যাহতভাবে অথবা নিয়মিতভাবে সে শিক্ষার্থীর সাথে একই বাড়িতে বসবাস করেন, তাহলে অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান A-412 (স্কুলে নিরাপত্তা)-এ প্রতিষ্ঠিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে। যেক্ষেত্রে NYPD শিশু নিগ্রহ বা শিশু নিপীড়ন ছাড়া শিক্ষার্থীর বিরুদ্ধে অন্য কোনো অপরাধ সংঘটনের অভিযোগের সাথে সংশ্লিষ্টতা নিয়ে কোনো শিক্ষার্থীর রেকর্ড দেখতে চান, তাহলে অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান A-412-এ প্রতিষ্ঠিত নিয়ম অনুসরণ করতে হবে।

D. শিক্ষাগত অবহেলার উপর ভিত্তি করে সন্দেহজনক নিপীড়নের রিপোর্ট করা

1. শিক্ষাগত অবহেলার রিপোর্ট অবশ্যই সেকশন I.A-তে বেঁধে দেওয়া প্রক্রিয়া অনুযায়ী SCR-এর কাছে ফাইল করতে হবে, যেক্ষেত্রে বাধ্যতামূলক উপস্থিতির বয়সী ছেলেমেয়ে অনুপস্থিতি একজন বাধ্যতামূলক রিপোর্টকারীর রিপোর্ট করার কারণ হবে যদি তিনি সন্দেহ করেন যে:
   a. অনুপস্থিতির বিষয়ে পিতামাতা সচেতন বা সচতেন থাকা উচিৎ;
   b. সন্তানের অনুপস্থিতিতে পিতামাতার সায় আছে কিংবা সমস্যা সমাধানে যথাযথ ভূমিকা রাখতে ও সন্তানকে স্কুলে ফেরত পাঠাতে কার্যকর ব্যবস্থা গ্রহণে ব্যর্থ (যেমন, ন্যূনতম স্তরের তদারকিতে ব্যর্থতা); এবং
   c. অনুপস্থিতি শিক্ষার্থীর শিক্ষাকে ব্যাহত করছে

   **শিক্ষাগত অবহেলা রিপোর্ট করার সকল প্রতিষ্ঠিত শর্ত যদি পূরণ করা না-ও হয়ে থাকে, তবুও সেকশন I.A-তে প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী SCR-এ একটি রিপোর্ট অবশ্যই করতে হবে, যখন শিশু নিগ্রহ বা অন্য কোনো নিপীড়নের সন্দেহ করার জন্য স্কুল কর্মকর্তাদের যুক্তিসঙ্গত কারণ থাকে।**

2. যখন শিক্ষার্থীর অনুপস্থিতির জন্য অবশ্যই ফর্ম 407 অনুসন্ধান পরিচালনা করতে হয়, সেটার জন্য চ্যান্সেলরের প্রবিধান A-210 (অ্যাটেনডেন্স প্রোগ্রামের মানদণ্ড) মেনে চলার শর্ত বেঁধে দিয়েছে। এসব অনুসন্ধানে প্রয়োজন উচ্চতর ট্র্যাকিং এবং হস্তক্ষেপের ব্যবস্থা গ্রহণ করা যা অবশ্যই বাস্তবায়ন করতে হবে নিয়মিত ফলো-আপ ও যোগাযোগের ব্যবস্থাসমূহ ব্যবহারের **পরবর্তিতে**। চ্যান্সেলরের প্রবিধান A-210 অনুসারে, যখন কোন শিক্ষার্থী পরপর 10 দিন লাগাতারভাবে অনুপস্থিত থাকে, এমন অবস্থায় কোন শিক্ষার্থীর যদি পূর্বতন 407 তদন্ত চলমান থাকে, এবং সে শিক্ষার্থী যদি লাগাতারভাবে পরপর 8 (আট) দিন বা মোট 15 দিন অনুপস্থিত থাকে; কিংবা প্রি-কিন্ডারগার্টেন থেকে 8 আট গ্রেড পর্যন্ত কোন শিক্ষার্থী যখন চার মাসের মধ্যে সর্বমোট 20 দিন অনুপস্থিত থাকে, তাহলে সে অনুপস্থিতি শিক্ষাগত অবহেলা কি না, কিংবা অন্য কোন ধরনের শিশু নিগ্রহ বা নিপীড়ন কি না, সেটার তদন্ত ও ব্যবস্থা গ্রহণের জন্য ফর্ম 407 তদন্ত অবশ্যই পরিচালনা করতে হবে (সেকশন I.D.2)।[1] শিক্ষাগত অবহেলার একটি রিপোর্ট অবশ্যই ফাইল করতে হবে যখন সেকশন I.D অনুযায়ী শিক্ষাগত অবহেলা রিপোর্ট করার সকল শর্ত পূরণ হবে, এতে ফর্ম 407 তদন্ত করা হয়েছে কি না, বিবেচনা ছাড়া।

[1] ফর্ম 407 তদন্তের সকল প্রশ্ন পাঠিয়ে দিতে হবে অফিস ফর কাউন্সেলিং সাপোর্ট প্রোগ্রামে 212-374-0835 নম্বরে।

## II. সন্দেহজনক শিশু নিগ্রহ ও নিপীড়নের CPS তদন্তের সাথে সহযোগিতা করার প্রক্রিয়া

A. CPS কর্তৃক তদন্ত

1. সন্দেহকৃত শিশু নিগ্রহ বা শিশু নিপীড়নের তদন্যত স্থানীয় CPS কর্মীরা পরিচালনা করতে পারবেন। কেস-এর জন্য নির্ধারিত CPS কর্মী বাধ্যতামূলক রিপোর্টকারী ও স্কুলে যে কারও সাক্ষাৎকার নেবেন, যাদের রিপোর্টের ভিত্তি যে বিষয়, সেটি সম্পর্কে সরাসরি জানা আছে।
2. স্কুল কর্মীগণ কর্তৃক অভিযোগ রিপোর্ট করা হয়ে থাক বা না থাক, সকল স্কুল কর্মী সন্দেহজনক শিক্ষার্থী নিগ্রহ বা নিপীড়ন তদন্তে দায়িত্বপ্রাপ্ত CPS কর্মীকে সহযোগিতা করতে আইনিভাবে দায়বদ্ধ।
3. CPS কর্মীরা তাদের তদন্ত পরিচালনা করতে গিয়ে অবশ্যই স্কুলের সম্পত্তির উপরে সন্দেহজনক শিশু নিগ্রহ বা উৎপীড়নের অভিযোগের শিকার ছেলেমেয়ের ও তাদের ভাইবোনের, ভাইবোন একই স্কুলে পড়ুক আর না পড়ুক, সেটা বিবেচনা ছাড়াই, সাক্ষাৎকার নিতে ও পরীক্ষা করতে অনুমোদন দিতে হবে, যেভাবে নিচে ব্যাখ্যা করা হয়েছে।
4. যখন CPS কর্মী চাইবেন স্কুলের ভেতরে সংঘটিত কোনো সন্দেহকৃত শিশু নিগ্রহ বা নিপীড়নের তদন্ত করতে, তখন স্কুল কর্মকর্তানের নিম্নলিখিত প্রক্রিয়া অবশ্যই মেনে চলতে হবে:
   a. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্য জানাতে হবে।
   b. যখনি কোনো CPS কর্মী কোনো রিপোর্ট তদন্ত করবেন, তখন CPS কর্মকর্তার পরিচিতি অবশ্যই তার ফটো I.D. কার্ডের সাথে মিলিয়ে দেখাতে বলতে হবে। স্কুল কর্মীগণ CPS কর্মীর ফটো আইডি কার্ডের ফটোকপি করে রাখবেন না। যখনি কোনো CPS কর্মী কোনো স্কুল কর্মকর্তার সাথে ফোনে যোগাযোগ করবেন, স্কুল কর্মকর্তাকে তখন অবশ্যই যিনি কল করবেন, তার পরিচিতি যাচাই করতে বলতে হবে তার বা ACS ইমেইল ঠিকানা থেকে একটি ইমেইল বা ACS লেটারহেড ব্যবহার করে একটি ফ্যাক্স পাঠিয়ে।
   c. একবার কোনো CPS তর্মীর পরিচিতি যাচাই হয়ে যাওয়ার পর CPS কর্মীকে ফ্যামেলি এডুকেশন্যাল রাইটস্ অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট 20 U.S.C. § 1232g অনুসারে প্রতিষ্ঠিত স্বাস্থ্য ও সুরক্ষা জরুরি ব্যতিক্রমসহ রিপোর্টে নাম উল্লিখিত শিক্ষার্থীর এবং একই স্কুলে পড়ালেখা করলে সে শিক্ষার্থীর ভাইবোনের স্টুডেন্ট রেকর্ড এবং IEP ও প্রযুক্ত হলে মূল্যায়নসমূহ দেখার সুযোগ দিতে হবে। স্কুল তাদেরকে এসব রেকর্ড দেখার সুযোগ বা অনুলিপি প্রদানের আগে তাদের সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শের জন্য যোগাযোগ করতে পারবেন, তবে এসব রেকর্ড দেখার সুযোগ দিতে অকারণ বিলম্ব করা যাবে না। স্কুলকে CPS কর্মীর অনুরোধকৃত রেকর্ড ইলেকট্রনিক্যালি (যেমন ইমেইলে বা ফ্যাক্স করে) কিংবা এ ধরনের রেকর্ডের কপি দিতে হবে।
   d. পরিচিতি যাচাইয়ের পর CPS কর্মীকে অবশ্যই তদন্ত পরিচালনার অনুমতি দিতে হবে। CPS কর্মী বা ছেলেমেয়ে অনুরোধ করলে ছেলেমেয়ের পরিচিত স্কুল স্টাফদের একজন পর্যবেক্ষণের জন্য ছেলেমেয়ের সাথে সাক্ষাৎকারের সময় উপস্থিত থাকতে পারেন। এ ধরনের সাক্ষাৎকারের সময় উপস্থিত স্কুল কর্মকর্তাকে গোপনীয়তা বজায় রাখতে বাধ্য থাকতে হবে এবং কোর্টে জবানবন্দি দিতে উপস্থিত হওয়ার জন্য সপিনা পেতে পারেন।

e. যেক্ষেত্রে CPS কর্মী কোনো শিক্ষার্থীকে শিশু নিগ্রহ ও নিপীড়নের জন্য ছেলেমেয়ের পিতামাতার বিরুদ্ধে অভিযোগ সম্পর্কে প্রশ্ন করতে চাইবে, তখন অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার সাথে যোগাযোগ করতে পারবে না। শিশু নির্যাতন ও নিপীড়নের অভিযোগ যখন এমন কোন ব্যক্তির বিরুদ্ধে যিনি অব্যাহতভাবে অথবা নিয়মিত শিক্ষার্থীর সাথে একই বাড়িতে বসবাস করে, প্রিন্সিপ্যাল CPS-এর সাথে পরামর্শের পরে স্থির করবেন শিক্ষার্থীটির পিতামাতার সাথে যোগাযোগ করবেন কিনা।

f. CPS কর্মীগণ তাদের অনুসন্ধান পরিচালনার সময়, যদি তাদের পেশাগত অভিমত থেকে মনে হয় যে, শিক্ষার্থীর বাইরের পোশাক খোলে দেখা প্রয়োজন যাতে তার নির্যাতন ও নিপীড়নের ধরণ এবং মাত্রা বুঝতে সহায়ক হবে, তাহলে খুলে দেখার তারা খুলে দেখতে পারবেন। কোন অবস্থাতেই একজন CPS কর্মী কর্তৃক শিক্ষার্থীর বাইরের পোশাক খোলা অনুমোদিত নন, যদি না সেখানে দ্বিতীয় আরেকজন্ CPS কর্মী, স্কুল কর্মকর্তা, বা স্কুল নার্স সেখানে উপস্থিত থাকেন। পরীক্ষা করার জন্য যদি শিক্ষার্থীর নিচের পোশাক খোলার প্রয়োজন হয়, তাহলে শিক্ষার্থীকে অবশ্যই এধরণের পরীক্ষার জন্য কোনো হাসপাতালে অথবা সেকশন II.B-তে প্রতিষ্ঠিত প্রক্রিয়া অনুসারে চাইল্ড অ্যাডভোকেসি সেন্টারে নিয়ে যেতে হবে।

B. মাল্টাইডিসিপ্লিনারি টিম ইনভেস্টিগেশন (বহুবিষয়ক দলগত অনুসন্ধান) অথবা অন্যান্য চাইল্ড প্রোটেক্টিভ সার্ভিস (শিশু সুরক্ষা পরিষেবা)-তে নিয়ে যাওয়ার জন্য চাইল্ড অ্যাডভোকেসি সেন্টার/চাইল্ড প্রোটেক্টিভ সেন্টারে শিক্ষার্থী স্থানান্তর ভিন্ন ভিন্ন পরিস্থিতির উপর নির্ভর করে সন্দেহকৃত শিশু নিগ্রহ বা শিশু নিপীড়নের তদন্তের ফলে কোনো একজন শিক্ষার্থীর ক্ষেত্রে তাকে হয়তো যথাযথ পরবর্তী পদক্ষেপ গ্রহণের এবং/অথবা বাড়তি মূল্যায়নের জন্য স্কুল থেকে অপসারণ করা হতে পারে। এটি ঘটতে পারে যখন: 1) একজন CPS কর্মী বা NYPD কোনো শিক্ষার্থীকে অপসারণ করে কোনো নিরাপত্তা জিম্মাদারি (প্রোটেকটিভ কাস্টোডি)-তে রাখতে পারে; অথবা (2) কোনো শিক্ষার্থীকে চাইল্ড অ্যাডভোকেসি সেন্টার (CAC) অথবা মাল্টিডিসিপ্লিনারি টিম (MDT) (একাধিক বিষয়সম্পর্কিত দলগত তদন্ত) পরিচালনার জন্য একটি শিশু বান্ধব পরিবেশে স্থানান্তর করতে পারে। এই ধরণের পরিস্থিতিতে স্কুলসমূহ যেসব প্রক্রিয়া বধ্যতামূলকভাবে অনুসরণ করবে সেগুলি নিচে বর্ণিত আছে:

1. যেসব শিক্ষার্থীকে নিরাপত্তা জিম্মাদারিতে নেয়া হবে
কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে, CPS কর্মী বা NYPD একজন শিক্ষার্থীকে স্কুল থেকে অপসারণ করতে পারে এবং শিক্ষার্থীর নিরাপত্তা সুরক্ষার জন্য তাকে নিরাপত্তা জিম্মাদারিতে রাখতে পারে।

2. শিক্ষার্থীদেরকে CACs/CPC-তে স্থানান্তর
যেসব ঘটনায় শারীরিক নির্যাতন, যৌন নির্যাতন, এবং/অথবা মারাত্মক নিপীড়ন সংশ্লিষ্ট থাকে, সেসব ক্ষেত্রে কোনো MDT সদস্যের দ্বারা MDT তদন্তের জন্য কোনো শিক্ষার্থীকে একটি CAC/CPC-তে স্থানান্তর করা হতে পারে। MDT গঠিত হয় ACS, NYPD, এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের সম্মিলনে, তারা একসাথে কাজ করেন যাতে নিম্নলিখিত উদ্দেশ্যগুলো বাস্তবায়ন করতে পারেন:

a. নিশ্চিত করতে পারেন যে সময়মতো, কার্যকর, এবং সমন্বিত উপায়ে প্রমাণ সংগ্রহ করা হয়েছে; এবং
b. ঘটনার শিকার শিশুদের বারংবার সাক্ষাৎকার গ্রহণের প্রয়োজনীয়তা কমিয়ে এবং সম্ভাব্য ক্ষেত্রে শিশু-বন্ধব পরিবেশে যৌথ সাক্ষাৎকার গ্রহণ করে তদন্ত প্রক্রিয়ার সময় ছেলেমেয়ের মানসিক ক্ষতি লাঘব করা;
c. যোগ্য স্বাস্থ্য পেশাজীবী কর্তৃক শিক্ষার্থী নিগ্রহ বা নিপীড়নের শিকার শিশুদেরকে সম্ভাব্য ক্ষেত্রে সময়মতো ডাক্তারি পরীক্ষা এবং চিকিৎসার সুবিধা প্রদান করা; এবং
d. শিক্ষার্থী নিগ্রহের শিকার এবং নিরপেক্ষ প্রযত্নপ্রদানকারীদেরকে আপদকালীন মধ্যস্থতা, ক্ষতিগ্রস্তের জন্য পরামর্শ এবং মানসিক স্বাস্থ্য পরিষেবার সুযোগ প্রদান করা।

3. যখন CPS কর্মীরা কোনো শিক্ষার্থীকে নিরাপত্তা জিম্মাদারিতে নিতে চাইবেন কিংবা যখন এক বা একাধিক MDT সদস্য কোনো শিক্ষার্থীকে একটি CAC/CPC-তে নিতে চাইবেন, তখন প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যি নিচের প্রক্রিয়া অনুসরণ করতে হবে:
   a. কোর্টের অর্ডার, অথবা একটি 701-C ফর্ম (ACS-এর কাছ থেকে এই মর্মে একটি লিখিত বিবৃতি যে, একটি জরুরি পরিস্থিতি বিদ্যমান আছে যাতে শিক্ষার্থীর তাৎক্ষণিক ক্ষতির হুমকি রয়েছে) পাওয়ার পর কোনো শিক্ষার্থীকে নিরাপত্তা জিম্মাদারিতে নিয়ে যেতে স্কুলকে অবশ্যই CPS কর্মীদেরকে অনুমতি প্রদান করতে হবে। 701-C ফর্ম-এ কেসওয়ার্কার বা সুপারভাইজারকে সই দিতে হবে। CPS ওয়ার্কার যদি কোর্টঅর্ডার অথবা 701-C ফরম উপস্থাপনে ব্যর্থ হন, তাহলে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে নিশ্চিত করতে হবে যে CPS কর্মীর সুপারভাইজরের সাথে নিশ্চিত করবেন CPS নিশ্চিত হয়েছে যে, শিক্ষার্থীকে নিরাপত্তা জিম্মাদারিতে নিতে হবে।
   b. স্কুলকে অবশ্যই MDT-এর একজন সদস্যকে CAC/CPC MDT রিলিজ ফর্ম (স্বীকৃতির ফর্ম) অনুমতি দিতে হবে কোনো শিক্ষার্থীকে CAC/CPC-তে নিয়ে যেতে। রিলিজ ফর্ম-এ সংশ্লিষ্ট MDT সদস্যকে অবশ্যই সই দিতে হবে। রিলিজ ফর্ম পাওয়া যাবে এই ওয়েবসাইটে: https://infohub.nyced.org/partners-and-providers/health-and-wellness/reporting-child-abuse/ ।
   c. স্কুলকে অবশ্যই CPS কর্মীর বা MDT সদস্যের পরিচিতি যাচাই করতে হবে তাদের ফটো I.D. দেখানর অনুরোধ জানিয়ে। তবে কোনো CPS কর্মী বা MDT সদস্যের I.D. কার্ডের ফটোকপি করার অধিকার কোনো স্কুল কর্মীর নেই।
   d. যখনি কোনো শিক্ষার্থীকে অপসারণ করা হয় ও নিরাপত্তা জিম্মাদারিতে কোনো CAC/CPC-তে প্রেরণ করা হয়, তখনি স্কুলকে অবশ্যই অবিলম্বে স্টুডেন্ট সার্ভিসেস-এর FSC ডিরেক্টরকে অবহিত করতে হবে। স্টুডেন্ট সার্ভিসেস-এর FSC ডিরেক্টরকে এ ধরনের সকল অপসারণের অবশ্যই একটি রেকর্ড সংরক্ষণ করতে হবে।
   e. স্কুলকে অবশ্যই কোর্টের আদেশ, 701-C ফর্ম এবং CAC/CPC MDT রিলিজ ফর্ম (স্বীকৃতির ফর্ম)-এর কপি স্কুলের নিরাপদ স্থানে সংরক্ষণ করতে হবে।

f. যখন কোন শিক্ষার্থীকে CAC/CPC সাক্ষাৎকারের জন্য কোন নির্দিষ্ট স্থানে নেয়া হয় এবং সে ছেলেমেয়ে যদি MDT সদস্যের সাথে যেতে স্বচ্ছন্দ্য বোধ না করে, অথবা যদি ছেলেমেয়েটি বা MDT সদস্য যদি স্কুল কর্মীদের একজনকে সঙ্গে যেতে অনুরোধ করেন, তাহলে স্কুল কর্মীদের একজন সদস্য তার এবং MDT সদস্যের সাথে যেতে পারবেন। কিন্তু, তদন্তের সময় কোন স্কুল কর্মীর প্রকৃত ইন্টারভিউ রুমে থাকা অথবা ইন্টারভিউ পর্যবেক্ষণ করা অনুমোদিত নয়।

g. যে পরিস্থিতিতে CPS কর্মী বা NYPD শিক্ষার্থীকে স্কুল থেকে অপসারণ করে নিরাপত্তা জিম্মাদারতি নিয়ে যান, সে পরিস্থিতিতে স্কুলকে অবশ্যই ছেলেমেয়েটিকে স্কুল থেকে অপসারণের পর অবিলম্বে পিতামাতাকে জানাতে হবে। স্কুল দিবস শেষ হবার আগে যদি পিতামাতাদের কাউকে ফোনে পাওয়া না যায়, তাহলে স্কুল কর্মীদরকে পুলিশ প্রিসিঙ্কটে **অবশ্যই জানাতে হবে** এবং তাদেরকে ছেলেমেয়ের আবাসিক ঠিকানার তথ্য দিতে হবে যাতে, যে ক্ষেত্রে ছেলেমেয়েটিকে পাওয়া যাচ্ছে না বলে পিতামাতা রিপোর্ট করা হয়ে থাকে, তাহলে তারা পিতামাতাদেরকে বা জরুরি পরিস্থিতিতে যোগাযোগের জন্য নির্ধারিত ব্যক্তিকে ছেলেমেয়ের বর্তমান অবস্থান জানিয়ে দিতে পারবেন।

h. যদি পরিস্থিতি এমন হয় যে কোনো MDT সদস্যকে কোনো শিক্ষার্থীকে একটি CAC/CPC-তে স্থানান্তর করতে হয়, তাহলে MDT সদস্য পিতামাতাকে জানাবেন এং তাদেরকে যোগাযোগের তথ্য প্রদান করবেন। যদি পিতামাতা স্কুলের সাথে যোগাযোগ করে, স্কুল পিতামাতাকে জানাবে যে শিক্ষার্থীকে CAC/CPC-তে নেয়া হয়েছে এবং পিতামাতাকে তার সাথে যোগাযোগের তথ্য দেবে।

i. DOE কর্মীরা কোনো শিক্ষার্থীর অতিরিক্ত মূল্যায়নের জন্য দায়বদ্ধ নন। MDT সদস্যগণের দায়িত্ব হলো শিক্ষার্থীকে CAC/CPC-তে নেয়ার এবং শিক্ষার্থীকে স্কুল, বাড়ি, অথবা অন্য যথাযথ স্থানে ফিরিয়ে আনার।

j. স্কুলগুলোকে অবশ্যই সকল শিক্ষার্থীর অপসারণের এবং নিরাপত্তা জিম্মাদারিতে এবং/অথবা ILOG-এ এবং DOE-এর অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম (সংঘটিত ঘটনার অনলাইন লিপিবদ্ধকরণ ব্যবস্থা, OORS)-এ MDT তদন্তের জন্য CAC/CPC-তে স্থানান্তরের রেকর্ড রাখতে হবে।।

## III. শিশু কল্যাণ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের এলেমেন্টারি ও মিডল্ স্কুল প্রসঙ্গে অনুপস্থিতির উদ্বেগকে গুরুত্বপূর্ণ বিষয়ে উন্নীত করার নীতি ও পদ্ধতি (ধাপে ধাপে প্রতিবিধানের নিয়ম) 10-13

A. ধাপে ধাপে প্রতিবিধান

শিশু কল্যাণ সংশ্লিষ্ট আছে, এমন কোনো এলেমেন্টারি বা মিডল্ স্কুল শিক্ষার্থীর অপর্যাপ্ত ব্যাখ্যা সম্বলিত অনুপস্থিতি প্রতিপাদন করে যে সে শিক্ষার্থী নিরাপত্তা ঝুঁকিতে রয়েছে। প্রবিধানের সাথে সংশ্লিষ্ট প্রসঙ্গে, ফস্টার কেয়ারে থাকা DOE শিক্ষার্থী এবং সেসব DOE শিক্ষার্থী যাদের পিতামাতা বা অন্য যে কোনো ব্যক্তি অব্যাহত বা বিরতিসহ নিয়মিতভাবে ছেলেমেয়ের সাথে একই বাড়িতে অবস্থান করতে দেখা গেছে, অথবা যাদেরকে সম্প্রতি SCR-এর কাছে DOE কর্মকর্তাদের করা একটি সন্দেহকৃত নিগ্রহ বা নিপীড়নের ঘটনার রিপোর্টের প্রেক্ষিতে পরিচালিত ACS-এর তদন্তের অধীন, সেসব শিক্ষার্থীকে তাদেরকে শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থী হিসেবে উল্লেখ করা হয়, যা ও বিশদভাবে সেকশন III.B-এ ব্যাখ্যা করা হয়েছে।

1. স্কুলগুলোকে অবশ্যই শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের উপস্থিতির প্রতি নিবিড় নজর রাখতে হবে। চ্যান্সেলরের প্রবিধান A-210 প্রতিষ্ঠিত উপস্থিতি সংক্রান্ত শর্তাবলী পূরণ করা ছাড়াও, তাদের যেসব শিক্ষার্থীর সাথে শিশু নিরাপত্তা সংশ্লিষ্ট আছে, সেসব শিক্ষার্থীর উপস্থিতি পর্যালোচনা করার কালে স্কুলগুলোকে অবশ্যই পিতামাতার সাথে যোগাযোগ করা, ACS-এর কাছে উদ্বেগ উন্নীত করা, এবং OORS-এর কাছে রিপোর্ট করা এই প্রবিধান অনুযায়ী বাধ্যতামূলক।
2. পর্যাপ্ত ব্যাখ্যাসমেত কোনো অনুপস্থিতি, শব্দটিকে এই প্রবিধান প্রসঙ্গে যেভাবে ব্যাখ্যা করা হয়েছে, সেটা হলো অনুপস্থিতের এমন এক ধরনের ব্যাখ্যা, যাতে প্রিন্সিপ্যাল যোগাযোগ রক্ষাকারী স্টাফের সাথে আলোচনাক্রমে সন্তুষ্ট হতে পারেন, যে ক্ষেত্রে এটা: a) স্কুলের প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অনুপস্থিতির যে কারণ দেখানো হয়, তার জন্য কোনো প্রশ্ন উত্থাপন করতে হয় না; এবং b) ছেলেমেয়ের কল্যাণ সম্পর্কে উদ্বেগ সৃষ্টি করে না। অনুপস্থিতির পর্যাপ্ত ব্যখ্যা স্কুলটির উপস্থিতি নীতি অনুযায়ী আবশ্যিকভাবে একটি মার্জনাযোগ্য অনুপস্থিতি না-ও হতে পারে।

B. শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের সনাক্ত করা

শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত যেসব শিক্ষার্থীদের জন্য ধাপে ধাপে প্রতিবিধান প্রযুক্ত হবে, তাদের সনাক্ত করার জন্য নিম্নলিখিত পদক্ষেপ নিতে হবে।

1. ACS এবং DOE-এর বিদ্যমান ডেটা (উপাত্ত)-এর মধ্যে মিল ব্যবহার করে DOE প্রতি মাসে শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের একটি তালিকা তৈরি করবে ও সুরক্ষিত রাখবে। স্কুলগুলো যাতে তাদের স্কুলের শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের তালিকা পায় ও পর্যালচনা করে, সেটা নিশ্চিত করার জন্য দায়বদ্ধ হলেন স্টুডেন্ট সার্ভিসেস-এর FSC ডিরেক্টর। কোনো বাড়তি তথ্য স্কুল যখন পাবে, তখন অবশ্যই এসব তালিকা হালনাগাদ করতে হবে।
2. শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীরা এই প্রবিধান সংশ্লিষ্ট প্রসঙ্গে ধাপ I, II, অথবা III-এ পড়বে, যার ব্যাখ্যা নিচে দেওয়া হলো।
   a. ধাপ I

      ধাপ I সেসব শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করে যাদের মধ্যে নিচের অবস্থাগুলো উপস্থিত রয়েছে:
      i. ছেলেমেয়েটি এলেমেন্টারি বা মিডল্ স্কুলে আছে (প্রি-কিন্ডারগার্টেন থেকে গ্রেড ৪ পর্যন্ত); এবং
      ii. ছেলেমেয়েটির নাম একটি SCR রিপোর্টের অন্তর্ভুক্ত আছে যা চলমান ACS তদন্তের অধীনে রয়েছে, অথবা ছেলেমেয়েটির পরিবার কোর্টের আদেশকৃত তত্ত্বাবধানে আছে।
   b. ধাপ II

      ধাপ II সেসব শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করে যাদের মধ্যে নিচের অবস্থাগুলো উপস্থিত রয়েছে:
      i. ছেলেমেয়েটি এলেমেন্টারি স্কুল বা মিডল্ স্কুলে আছে (প্রি-কিন্ডারগার্টেন থেকে গ্রেড ৪ পর্যন্ত); এবং
      ii. ছেলেমেয়েটির নাম একটি SCR রিপোর্টের অন্তর্ভুক্ত আছে যা চলমান অথবা পূর্ববর্তী শিক্ষা বছরে ACS তদন্ত শেষে প্রমাণিত হয়েছিল।
   c. ধাপ III

      ধাপ III সেসব শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করে যাদের মধ্যে নিচের অবস্থাগুলো উপস্থিত রয়েছে:

i. ছেলেমেয়েটি এলেমেন্টারি বা মিডল্ স্কুলে আছে (প্রি-কিন্ডারগার্টেন থেকে গ্রেড ৪ পর্যন্ত); এবং

ii. ছেলেমেয়েটি বর্তমানে ফস্টার কেয়ারে (ট্রায়াল ডিসচার্জ বা বিচারাধীনকালীন অব্যাহতিসহ) আছে।

C. পর্যালোচনা ও মূল্যায়ন

স্কুলগুলোকে অবশ্যই শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের উপস্থিতির প্রতি লক্ষ্য রাখার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করতে হবে:

1. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের প্রাত্যহিক উপস্থিতির প্রতি লক্ষ্য রাখা, আলাদাভাবে অনুপস্থিতির জন্য ফোন করা এবং শিক্ষার্থীদের উপস্থিতি ও প্রাতিষ্ঠানিক ইতিহাসের প্রতি পরিচিত হওয়ার জন্য কোনো স্টাফের উপর দায়িত্ব দিতে হবে। এই ব্যক্তিকে অবশ্যই নিয়মিত ক্লাসরুম টিচার ও স্কুল হেলথ অফিসে খোঁজ-খবর নিতে হবে এবং এসব শিক্ষার্থীর লেখাপড়ায় অগ্রগতি অথবা যেসব সমস্যার সৃষ্টি হয়, সেগুলো সম্পর্কে ILOG রেকর্ড হালনাগাদ করতে হবে।
2. প্রিন্সিপ্যাল বা ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে এসব শিক্ষার্থীর উপস্থিতির প্রতি লক্ষ্য রাখা এবং এসব শিক্ষার্থীর অনুপস্থিতির ব্যাপারে তাদের পরিবারের সাথে যোগাযোগ রাখার দায়িত্বে নিয়োজিত স্টাফের শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট স্কুলের শিক্ষার্থীদের তালিকা দেখার সুযোগ দেওয়া হয়েছে, তারাপ্রি-কিন্ডারগার্টেন থেকে গ্রেড ৪ পর্যন্ত শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের সনাক্ত করার জন্য অটোমেট দা স্কুল (ATS) ব্যবহারের ব্যাপারে অবহিত আছেন ও ব্যবহার করেন, এবং এই প্রবিধানের নিয়মগুলোর সাথে পরিচিত আছেন।
3. প্রিন্সিপ্যাল বা ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে স্কুলের ভারপ্রাপ্ত ব্যক্তি, অ্যাটেনডেন্স কোঅর্ডিনেটর, এবং/অথবা এসব শিক্ষার্থীদের উপস্থিতির প্রতি লক্ষ্য রাখার দায়িত্বপ্রাপ্ত স্টাফের প্রাত্যহিক উপস্থিতির অবস্থা প্রতিফলনকারী তথ্য দেখতে পাওয়ার সুযোগ রয়েছে।
4. শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্ট কোনো শিক্ষার্থীর প্রতিটি দিনের অনুপস্থিতির ক্ষেত্রে দায়িত্বে নিয়োজিত স্কুল স্টাফকে অবশ্যই ঠিক একই দিনে যোগাযোগ করতে হবে এবং এসব যোগাযোগের ব্যাপারে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে জানাতে হবে। যদি পিতামাতার সাথে যোগাযোগ করা হয়ে থাকে এবং পিতামাতা কোনো কারণ প্রদর্শন করেন, তাহলে সে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই দায়িত্বপ্রাপ্ত স্কুল স্টাফের সাথে আলোচনাক্রমে নির্ধারণ করবেন যে, পিতামাতার দেখানো কারণটি সন্তোষজনক কি না।
5. দায়িত্বপ্রাপ্ত স্কুল স্টাফকে অবশ্যই প্রতিটি দিনের অনুপস্থিতির জন্য নিম্নলিখিত বিষয়গুলো ILOG-এ রেকর্ড রাখতে হবে: a) যদি অনুপস্থিতির জন্য পিতামাতার সাথে যোগাযোগ হয়, তাহলে পিতামাতা অনুপস্থিতির যে ব্যাখ্যা দেন, সেটা সন্তোষজনক বলে প্রিন্সিপ্যাল মনে করেন কি না; অথবা b) যদি পিতামাতার সাথে যোগাযোগ করা না যায়, যোগাযোগ করার চেষ্টা এবং যোগাযোগ করতে অক্ষমতা। নিচে সেকশন III.D-তে প্রদত্ত পরিস্থিতিতে অনুপস্থিতি অবশ্যই ACS-এর কাছে উন্নীত করতে হবে।

6. সাপ্তাহিক ভিত্তিতে প্রতি সপ্তাহে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই হয় নিয়মিত স্কুল অ্যাটেনডেন্স টিম মিটিং-এ অথবাপ্রিন্সিপ্যালের কেবিনেট মিটিং-এ কিংবা YTD উপস্থিতির রিপোর্ট সপ্তাহভিত্তিক পর্যালোচনার জন্য স্কুল কর্তৃক অন্য কোনো প্রতিষ্ঠিত ব্যবস্থায় শিশু কল্যাণ সংশ্লিষ্ট শিক্ষার্থীর YTD (বছরের তাৎক্ষণিক) উপস্থিতি ও বিলম্বিত হওয়ার হার-এর খোঁজ রাখতে হবে।

D. ACS অথবা ACS-এর অংশীদার এজেন্সির কাছে উদ্বেগের ধাপ বাধ্যতামূলকভাবে উন্নীত করা।

1. ধাপ 1 শিক্ষার্থীর অনুপস্থিতির প্রথম দিনটিতে, যদি অ্যাটেনডেন্স কোঅর্ডিনেটর/প্রিন্সিপ্যালের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি যোগাযোগের চেষ্টার ক্ষেত্রে: a) পিতামাতার সাথে যোগাযোগ করতে অক্ষম হন; b) পিতামাতার সাথে যোগাযোগ করতে সক্ষম হলেও পিতামাতা অনুপস্থিতির অপর্যাপ্ত ব্যাখ্যা দিয়েছেন বলে প্রিন্সিপ্যাল যোগাযোগকারী স্টাফের সাথে কথা বলে নির্ণয় করেন; কিংবা c) পিতামাতার সাথে যোগাযোগ করেছেন এবং পিতামাতা অনুপস্থিতির ব্যাখ্যার জন্য কোনো কারণ না দেখান (পিতামাতা ফোন রেখে দিয়েছেন কিংবা স্কুলের কোনো প্রশ্নের উত্তর দিতে অস্বীকৃতি জানান, তাহলে অ্যাটেনডেন্স কোঅর্ডিনেটর/প্রিন্সিপ্যালের ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই:
   a. অবিলম্বে ACS কিংবা ACS অংশীদার এজেন্সির সাথে শিক্ষার্থীদের আনুপস্থিতির ঘটনা রিপোর্ট করতে ও যোগাযোগ প্রচেষ্টার ফলাফল জানাতে হবে; এবং
   b. স্কুলের যোগাযোগসমূহকে ILOG-এ রেকর্ড করতে হবে।
2. ধাপ II এবং ধাপ III শিক্ষার্থীদের জন্য লাগাতার তৃতীয় অনুপস্থিতির দিনে যে ক্ষেত্রে অনুপস্থিতির ব্যাখ্যার জন্য পিতামাতাদের সাথে যোগাযোগ করে পাওয়া যাবে না এবং/অথবা কোনো ব্যাখ্যা মিলবে না বা প্রদত্ত জবাবে পর্যাপ্ত ব্যাখ্যা মিলেনি বলে প্রিন্সিপ্যাল যোগাযোগকারী স্টাফের সাথে আলোচনাক্রমে নির্ধারণ করেন, তাহলে দায়িত্বপ্রাপ্ত স্কুল স্টাফকে অবশ্যই:
   a. অবিলম্বে ACS অফিস অভ সাপোর্ট অ্যান্ড পলিসি প্ল্যানিং-এ 212-453-9918 নম্বরে অথবা Education.unit@acs.nyc.gov ইমেইল ঠিকানায় অথবা প্রযোজ্য হলে সংশ্লিষ্ট ফস্টার কেয়ার প্রদানকারী এজেন্সির সাথে যোগাযোগ করে অনুপস্থিতি এবং যোগাযোগ প্রচেষ্টার কথা জানাতে হবে; এবং
   b. স্কুলের যোগাযোগের বিষয়টি প্রযোজ্য ACS অফিস পার্টনারদেরকে ILOG-এ জানাতে হবে।

E. SCR-এর কাছে উদ্বেগ উন্নীত করা

যদি কোনো অবস্থায় সংশ্লিষ্ট স্টাফের যুক্তিসঙ্গত সন্দেহ জন্মে যে ছেলেমেয়েটি কোনো নিগ্রহ বা নিপীড়নের শিকার, তাহলে সংশ্লিষ্ট স্টাফকে অবশ্যই: a) অবিলম্বে সেকশন I.A অনুযায়ী সে সন্দেহের রিপোর্ট করতে হবে SCR-এর কাছে; এবং b) নিশ্চিত করতে হবে যে সংশ্লিষ্ট ACS অফিস বা প্রযোজ্য হলে, ফস্টার কেয়ার প্রদানকারী এজেন্সির সাথে অবিলম্বে যোগাযোগ করতে হবে। যদি যে কোনো সময় ছেলেমেয়েটির স্বাস্থ্য বা সুরক্ষা নিয়ে আসন্ন বিপদের ঝুঁকি আছে বা জরুরি চিকিৎসা সহায়তার প্রয়োজন বলে সংশ্লিষ্ট স্টাফের বিশ্বাস করার পর্যাপ্ত কারণ থাকে, তাহলে সংশ্লিষ্ট স্টাফকে অবশ্যই অবিলম্বে 911-এ কল করতে হবে।

## IV. বাধ্যতামূলক রিপোর্টকারীদের জন্য আইনি বিষয়সমূহ

A. দায় থেকে রেহাই

সোশ্যাল সার্ভিস আইনের § 419 অনুযায়ী মহৎ উদ্দেশ্যে বিশ্বাসী হয়ে যেকোনো স্কুল কর্মচারী রিপোর্ট করলে, ছবি তুললে, কোনো ছেলেমেয়েকে প্রত্যাহার বা আটক করলে বা সোশ্যাল সার্ভিস আইনের অন্য ধারা অনুযায়ী ছেলেমেয়ের সুরক্ষা পরিষেবা সম্পর্কিত তথ্য প্রকাশ করে দিলে, যেক্ষেত্রে অন্যথায় যার জন্য ফৌজদারি বা দেওয়ানি বিচারে দায়বদ্ধ থাকতে হতো, সে সব দায় থেকে তিনি রেহাই পাবেন। রিপোর্টকারীর মহৎ উদ্দেশ্যকে ধরে নেওয়া হয়, কারণ এ ধরনের ব্যক্তিরা নিযুক্ত কর্ম পরিসরের মধ্যে, এবং কোনো স্বেচ্ছাকৃত অপকর্মে নিযুক্ত না হয়ে বা রিপোর্ট করায়,

ফটোগ্রাফ তোলায়, ছেলেমেয়েকে অপসারণ বা আটক করায়, অথবা সোশ্যাল সার্ভিস আইন অনুযায়ী শিশু সুরক্ষা পরিষেবার তথ্য প্রকাশ করায় বড় ধরনের অবহেলা না করে তাদের উপর ন্যস্ত কাজগুলো দায়িত্ব হিসেবে পালন করছেন। জ্ঞাতসারে কোনো মিথ্যা রিপোর্ট করলে সেটা রিপোর্টকারীর ফৌজদারি বা দেওয়ানি দায় প্রকাশ করে।

B. রিপোর্ট করায় ব্যর্থতার দায় এবং দণ্ড

ইচ্ছাকৃত এবং/অথবা জ্ঞাতসারে শিশু নিগ্রহ ও নিপীড়ন রিপোর্ট করতে ব্যর্থ হলে, সেটি ফৌজদারি অপরাধ অথবা দেওয়ানী দায়বদ্ধতা গণ্য হতে নিগৃহ বা পারে যদি কর্মীর সন্দেহের যৌক্তিক কারণ থাকে। এর ফলে DOE কর্তৃক কর্মীর বিরুদ্ধে শৃঙ্খলাজনিত ব্যবস্থাও নেয়া হতে পারে।

C. প্রতিহিংসাপরায়ণমূলক পদক্ষেপ নিষিদ্ধকরণ

স্কুল এবং/অথবা অন্য কোনো DOE কর্মকর্তা কোনো কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধান মেনে সম্পাদন করা কোনো কাজের সাথে সংশ্লিষ্টতার জন্য ব্যক্তিগত প্রতিহিংসামূলক পদক্ষেপ গ্রহণ করতে পারবেন না।

D. স্কুল কর্মীদের উপর সপিনা জারি

স্কুল কর্মী অবশ্যই আইনসঙ্গতভাবে ইস্যু করা সকল সপিনা মেনে চলবে। যদি কোন কর্মী সদস্য কোর্টে হাজির হবার অথবা কোন শিশু নিগ্রহ বা নিপীড়নের ঘটনা সম্পর্কে প্রামাণ্য দলিল দাখিলের জন্য সপিনা পান, সে অবশ্যই অতিসত্বর আরও তথ্য এবং সহায়তার জন্য FSC ডিরেক্টর ফর স্টুডেন্ট সার্ভিসেসের সাথে যোগাযোগ এবং অফিস অভ লিগ্যাল সার্ভিসেসকে (212) -374-6888 নম্বরে ফোন করবেন।

যদি সপিনা কোনো সরকারি এজেন্সির কাছ থেকে ইস্যু হয়, তাহলে সংশ্লিষ্ট স্টাফকে সপিনাতে উল্লেখ করা অ্যাটর্নির সাথে যোগাযোগ করতে হবে এবং তাকে আসন্ন কোর্টের তারিখটি ফোনে স্মরণ করিয়ে দেওয়ার অনুরোধ করতে হবে। ফোনে সতর্ক করে দেওয়ার কারণে কর্মী সদস্যকে ব্যক্তিগত হাজিরার আবশ্যিকতার সময় পর্যন্ত স্কুলে অবস্থানের সুযোগ দেয়। শুনানিতে কী প্রত্যাশা যেতে পারে সে সম্পর্কে জানতে কর্মী সদস্যের কোর্ট হাজিরার তারিখের আগে কর্মী সদস্যকে সরকারি অ্যাটর্নির সাথে কথা বলতে পরামর্শ দেয়া যাচ্ছে। সাক্ষ্য গ্রহণের আগে কোর্টহাউজের পৃথক একটি আলাদা রুমে অ্যাটর্নি যাতে তার জন্য অপেক্ষায় অবস্থানের ব্যবস্থা করেন, কর্মী সদস্য সে অনুরোধও জানাতে পারবেন।

E. কর্মচারিদের আইনি প্রতিনিধিত্ব লাভের অনুরোধ জানাবার অধিকার

এই প্রবিধান মেনে সম্পাদন করা কোনো কাজের সাথে সংশ্লিষ্টতার জন্য উদ্ভূত ফৌজদারি দায় থেকে সিটি যাতে কর্মচারীদের সুরক্ষা দেয়, সে অনুরোধ জানানোর অধিকার তাদের আছে।

জেনারেল মিউনিসিপ্যাল ল § 50-k অনুসারে সকল কর্মচারী সাধারণত আইনি প্রতিনিত্ব ও ক্ষতিপূরণ লাভের যোগ্য হবেন, যদি তিনি প্রাসঙ্গিক সময়টিতে তিনি তার সরকারি দায়িত্বের আওতাভুক্ত কাজ করেন এবং তার উপর ন্যস্ত দায়িত্ব পালন করে থাকেন এবং তিনি DOE-এর কোনো নিয়ম বা প্রবিধান ভঙ্গ করে না থাকেন।

কোনো সন্দেহকৃত শিশু নিগ্রহ বা নিপীড়নের ঘটনা রিপোর্ট করার জন্য যেসব মহৎ বিশ্বাস অনুযায়ী বাধ্যতামূলক রিপোর্টকারীর বিরুদ্ধে মামলা করা হবে, তাদেরকে জেনারেল মিউনিসিপ্যাল ল § 50-k অনুসারে আইনি প্রতিনিধিত্ব ও ক্ষতিপূরণ দেওয়া হবে।

নোট: যে বাধ্যতামূলক রিপোর্টকারীর রিপোর্ট সম্পর্কে প্রশ্ন বা উদ্বেগ রয়েছে, তিনি ACS অফিস অভ সেফটি ফার্স্ট-এ 718-543-7233 নম্বরে যোগাযোগ করতে পারবেন।

## V. শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধের দায়বদ্ধতা এবং ইন্টারভেনশন (হস্তক্ষেপ) টিম ও ফিল্ড সাপোর্ট সেন্টারসমূহ

A. শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও ইন্টারভেনশন টিমসমূহ

1. প্রত্যেক স্কুল প্রিন্সিপ্যালকে অবশ্যই একটি করে 'শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও ইন্টারভেনশন টিম' গঠন করতে হবে। প্রিন্সিপ্যাল/তার দয়িত্বে নিযুক্ত ব্যক্তি ছাড়াও, স্কুল টিমে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু তা নিম্নোল্লিখিতগুলোতে সীমাবদ্ধ নয়: একজন প্রশাসক; গাইডেন্স কাউন্সেলর; ইউএফটি প্রতিনিধি; পিতামাতা প্রতিনিধি; অন্য পিউপিল পারসোনেল সার্ভিস রিপ্রেজেন্টেটিভ; এবং স্কুল লিডারশিপ টিমের একজন প্রতিনিধি।

2. প্রত্যেক প্রিন্সিপ্যাল স্কুলের 'শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও ইন্টারভেনশন টিম' থেকে একজন কর্মী সদস্যকে FSC ডিরেক্টর ফর স্টুডেন্ট সার্ভিসেস (দায়বদ্ধ লিয়াজোঁ হিসেবে উল্লেখ করা হয়)-এর সাথে লিয়াজোঁ (সংযোগকর্তা) হিসেবে দায়িত্ব দেবেন। দায়িত্বপ্রাপ্ত লিঁয়াজো আন্তঃএজেন্সি যোগাযোগ সহজীকরণে এবং স্কুল, CPS এবং ফস্টার কেয়ার এজেন্সিসমূহের মধ্যে তথ্য বিনিময়ে সহায়তা প্রদান করবে।

3. স্কুল শিশু নিগ্রহ এবং নিপীড়ন প্রতিরোধ এবং ইন্টারভেনশন টিম যা করবে:

   a. বার্ষিকভিত্তিতে শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও ইন্টারভেনশন প্ল্যান তৈরি, বাস্তবায়ন ও হালনাগাদকরণ করা, যা স্কুলের বার্ষিক "কনসলিডেটেড স্কুল অ্যান্ড ইউথ ডেভেলপমেন্ট প্ল্যান" (সমন্বিত স্কুল ও যুব উন্নয়ন পরিকল্পনা)-এর অংশবিশেষ, এটাকে অবশ্যই প্রতি শিক্ষা বছর 31 অক্টোবরের মধ্যে জমা দিতে হবে। শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ইন্টারভেনশন প্ল্যানে অবশ্যই স্টাফদের জন্য প্রশিক্ষণ এবং পিতামাতা ও শিক্ষার্থীদের জন্য শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধ সম্পর্কে শিক্ষাগত প্রোগ্রাম অন্তর্ভুক্ত করতে হবে। (প্রশিক্ষণ এবং পিতামাতা ও শিক্ষার্থীদের শিক্ষা সম্পর্কে বাড়তি তথ্যের জন্য সেকশন VI দেখুন।)

   b. FSC-এর সাথে সহযোগিতামূলকভাবে স্কুলের স্টাফদেরকে শিশু নিগ্রহ এবং উৎপীড়ন রোধ ও হস্তক্ষেপ বিষয়ে প্রশিক্ষণ, তথ্যসূত্র এবং তত্ত্বাবধান প্রদান করা। টিমগুলো এ ধরনের তথ্যসূত্র ও তত্ত্বাবধান প্রস্তুত করা এবং এ ধরনের প্রশিক্ষণের জন্য প্রিন্সিপ্যালের সিদ্ধান্ত অনুযায়ী চুক্তির শর্তের বাধ্যবাকতার সাথে সামঞ্জস্য রেখে ফ্যাকাল্টি কনফারেন্স ও প্রেপ টাইম (প্রস্তুতির সময়) ব্যবহার করতে পারবে।

c. শিশু নিগ্রহ এবং নিপীড়ন রোধ ও ইন্টারভেনশন বিষয়ে কর্মীসদস্য, শিক্ষার্থী, এবং পিতামাতাদেরকে পরিষেবা/প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে স্থানীয় সামাজিক পরিষেবা এজেন্সিসমূহের ব্যবহার ও হস্তক্ষেপ। ACS অফিস অভ এডুকেশন সাপোর্ট অ্যান্ড পলিসি প্ল্যানিং স্কুল-ভিত্তিক প্রশিক্ষণে ACS স্টাফদের অংশগ্রহণকে সমন্বয় করার জন্য প্রস্তুত। প্রশিক্ষণের অনুরোধ ইমেইলে পাঠানো যেতে পারে Education.unit@acs.nyc.gov ঠিকানায় বা ফোনে 212-453-9918 নম্বরে।

B. ফিল্ড সাপোর্ট সেন্টার

1. স্কুলগুলোর শিশু নিগ্রহ এবং নিপীড়নের ঘটনা মোকাবেলায় সহায়তাদানের জন্য FSC ডিরেক্টর ফর স্টুডেন্ট সার্ভিসেস দায়বদ্ধ থাকবেন। বিশেষ করে, FSC ডিরেক্টর ফর স্টুডেন্ট সার্ভিসেস এগুলোর জন্য দায়বদ্ধ থাকবেন: a) শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধ ও ইন্টারভেনশন প্ল্যান পর্যালোচনা, মূল্যায়ন এবং অনুমোদন; b) DOE সিটিওয়াইড কোঅর্ডিনেটর ফর চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড নেগলেক্ট প্রিভেনশন-এর সাথে লিয়াজোঁ হিসেবে কাজ করা; c) স্কুলের স্টাফ, পিতামাতা ও শিক্ষার্থীদের সাথে যোগাযোগ ও পরিষেবা উন্নয়নের জন্য স্থানীয় CPS, কমিউনিটি এজেন্সি এবং অন্যান্য পরিষেবা প্রদানকারীদের মধ্যে একটা কাজের সম্পর্ক প্রতিষ্ঠা করা; d) প্রিন্সিপ্যালদের কাছ থেকে SCR-এর কাছে জমা দেওয়া সকল ঘটনার লিখিত রিপোর্ট গ্রহণ করা; এবং e) স্কুল প্রশাসন, দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁ, এবং স্কুলের চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন্ট প্রিভেনশন অ্যান্ড ইন্টারভেনশন টিমকে শিশু নিগ্রহ ও নিপীড়ন সংক্রান্ত নীতি ও প্রতিরোধ বিষয়ে অব্যাহত সহায়তা এবং প্রশিক্ষণ দেওয়া, যেভাবে সেকশন VI-তে উল্লেখ করা আছে।

2. স্কুলগুলো যাতে তাদের স্কুলের শিশু কল্যাণের সাথে সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষার্থীদের তালিকা পায় ও পর্যালোচনা করে, সেটা নিশ্চিত করার, এবং সেকশন III.B অনুযায়ী যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করার জন্যও দায়বদ্ধ হলেন স্টুডেন্ট সার্ভিসেস-এর FSC ডিরেক্টর।

## VI. স্টাফ প্রশিক্ষণ এবং পিতামাতা ও শিক্ষার্থীদের শিক্ষা

A. স্টাফ প্রশিক্ষণ

1. বার্ষিকভিত্তিতে সকল দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁকে অবশ্যই 'দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁ প্রশিক্ষণ' (ডেজিগনেটেড লিয়াজোঁ ট্রেনিং) গ্রহণ করতে হবে, যেগুলো সন্দেহভাজন শিশু নিগ্রহ ও নিপীড়ন সনাক্ত ও রিপোর্ট করার এবং DOE-এর রিপোর্ট করার নিয়ম সম্পর্কে ধারণা দেয়।

2. সকল স্কুল স্টাফকে অবশ্যই প্রশিক্ষণ দিতে হবে যা তাদেরকে রিপোর্ট করার এবং এই প্রবিধান প্রতিষ্ঠিত অন্যান্য দায়িত্ব পালন করার সক্ষমতা দেবে। এ ধরনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে প্রতি বছর 31 অক্টোবরের মধ্যে এবং সেগুলোতে যা যা অন্তর্ভুক্ত করতে হবে, সেগুলো হলো:

a. শিশু নির্যাতন ও নিপীড়নের চিহ্ন;

b. এই প্রবিধানের প্রয়োজনীয়তা, যার অন্তর্ভুক্ত আছে কখন অবশ্যই শিশু নির্যাতন ও নিপীড়নের রিপোর্ট করতে হবে, কীভাবে রিপোর্ট করতে হয় এবং কীভাবে স্থানীয় CPS তদন্তে সহযোগিতা করতে হয়;

c. শিশু নিগ্রহ ও নিপীড়নের ঘটনা রিপোর্ট করার আগে, সময়ে এবং পরে শিক্ষার্থী এবং পিতামাতাদের সামাল দেয়া এবং তাদের সাথে কাজ করার কৌশল; এবং

d. শিশু নিগ্রহ ও নিপীড়নের ঘটনা রিপোর্টিংয়ের সাথে সম্পৃক্ত আইনি দিকসমূহ এবং তার তাৎপর্য. যার মধ্যে আছে গোপনীয়তার শর্ত ও রিপোর্ট করতে অপারগতার পরিণতি, তবে তা এতেই সীমিত নয়।

3. দায়িত্বপ্রাপ্ত লিয়াজোঁ এবং স্কুল নার্সকে অবশ্যই সন্দেহকৃত শিশু নিগ্রহ ও নিপীড়নের ঘটনার রিপোর্টের সাথে সংশ্লিষ্ট ক্ষতস্থানের দৃশ্যমান চিহ্নের ছবি তোলার প্রশিক্ষণ দিতে হবে। যদি কোনো স্কুল নার্স স্কুল ভবনে দায়িত্বপ্রাপ্ত না থাকেন, তাহলে ছবি তোলার কাজ করার জন্য কোনো বিকল্প স্টাফকে প্রিন্সিপ্যালকে বেছে নিতে হবে, এবং I. A. 10 অংশে দেওয়া নিয়ম অনুযায়ী এ ধরনের কাজের জন্য যে কোনো ব্যক্তিকে উক্ত প্রশিক্ষণ দিতে হবে।।

B. পিতামাতার অংশগ্রহণ

1. সকল স্কুলকে অবশ্যই পিতামাতাদের জন্য শিশু নিগ্রহ ও নিপীড়ন সম্পর্কে শিক্ষাগত প্রোগ্রাম তৈরি করতে ও প্রোগ্রামে অংশগ্রহণের সুযোগ দিতে হবে। এ ধরনের প্রোগ্রামগুলোকে অবশ্যই শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধ ও হস্তক্ষেপের ব্যাপারে স্কুলের ভূমিকা এবং সন্দেহজনক নিগ্রহ ও নিপীড়নের ঘটনা রিপোর্ট করায় স্কুলের বাধ্যবাধকতাসহ শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধ সংক্রান্ত আইনের ব্যাপারে আলোকপাত করতে হবে। এসব প্রোগ্রামের মধ্যে স্কুল-পিতামাতা সহায়ক গ্রুপ এবং সন্তান লালন-পালনে পিতামাতার দক্ষতা বৃদ্ধিমূলক কর্মকাণ্ডও থাকতে পারে।

2. পিতামাতাদের শিক্ষামূলক কর্মকাণ্ড উপস্থাপন করতে হবে ইতিবাচকভাবে এবং সেগুলোকে হতে হবে শিক্ষার্থীদের সুরক্ষা এবং পরিবারগুলোর সহায়তা প্রদানের জন্য স্কুল যা করতে প্রস্তুত, সেগুলোর প্রতি তা অভিনিবিষ্ট। পিতামাতা এবং শিক্ষার্থীদের প্রত্যক্ষ এবং পরোক্ষ উভয়ভাবে সহায়তা প্রদান করায় স্কুল এবং কম্যুনিটিতে বিদ্যমান তথ্য-উপকরণ ব্যবহার করতে হবে। আরও তথ্যের জন্য স্কুলগুলোকে DOE-ACS জয়েন্ট পলিসি অন এডুকেশন্যাল নেগলেক্ট রিপোর্টিং (শিক্ষাগত অবহেলা রিপোর্ট করার যৌথ নীতি) পর্যালোচনা করতে হবে নিচের ওয়েবসাইটে: https://infohub.nyced.org/docs/default-source/default-document-library/jointpolicystatementofreportingandinvestigatingedneglect312010.pdf

C. শিক্ষার্থীর শিক্ষা

1. স্কুলগুলোকে অবশ্যই সকল শিক্ষার্থীকে নিম্নলিখিত তথ্য দিতে হবে যাতে অন্তর্ভুক্ত থাকতে পারে বিদ্যমান স্বাস্থ্য ও সুরক্ষা প্রোগ্রামসমূহ:

   a. শিশু নিগ্রহ এবং নিপীড়নের, যৌন নির্যাতন এবং আঘাত প্রদান সম্পর্কিত শিক্ষার্থীদের জন্য বয়সোপযোগী তথ্য এবং কর্মকাণ্ড; এবং

   b. প্রতিরোধ কৌশল সম্পর্কে বয়সোপযোগী তথ্য এবং ব্যক্তিগত সুরক্ষা দক্ষতা উন্নয়ন।

2. শিক্ষার্থীদের শিক্ষাদান করতে স্কুলগুলো শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধের জন্য 'সিজনস্ অভ পিস' নামের DOE-এর প্রস্তুত ও ডিজাইন করা একটি পাঠ্যক্রম কাঠামো, যা তৈরি করা হয়েছে শিক্ষার্থী নিজে বা অন্য কেউ যখন নিগ্রহ বা নিপীড়নের (এর অন্তর্ভুক্ত আছে শিশু নিগ্রহ ও নিপীড়ন, আটক, পারিবারিক নিগ্রহ, এবং ডেটিং সহিংসার মতো পরিস্থিতি) শিকার হয়, তখন যাতে তাদের সহায়তা বা হস্তক্ষেপ লাভ করার ব্যাপারে সাহায্য চাওয়াতে সহায়তা করা যায়, সে পাঠ্যক্রমটি ব্যবহার করতে পারে। সেন্ট্রাল অফিসের চাইল্ড অ্যাবিউস অ্যান্ড নেগলেক্ট প্রিভেনশন প্রোগ্রামের সাথে যোগাযোগ করে সিজনস্ অভ পিস-এর কপি সংগ্রহ করা যাবে (যোগাযোগের তথ্যের জন্য সেকশন XI দেখুন।)

## VII. অসদাচারণ রিপোর্ট করার জন্য DOE কর্মচারিদের বাধ্যবাধকতা

সকল DOE কর্মচারী বা কর্মকর্তার স্পেশাল কমিশনার অভ ইনভেস্টিগেশন-এর কাছে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কোনো কর্মচারী বা স্কুলের প্রোগ্রাম বা সার্ভিসের সাথে সংযুক্ত কারও দ্বারা সংঘটিত, হোক তা সংঘঠিত হয়েছে স্কুলের ভেতরে বা বাইরে স্কুলের পরিসীমার মধ্যে, শিক্ষার্থীকে জড়িত করে নিউ ইয়র্ক স্কুল ডিস্ট্রিক্ট-এর যৌন নিগ্রহ এবং/অথবা অসদাচারণের যে কোনো তথ্য অবিলম্বে রিপোর্ট করার একটি স্বীকৃত বাধ্যবাধকতা আছে।

উল্লিখিত অসদাচরণ জানা সত্ত্বেও কোন কর্মী অথবা অফিসার রিপোর্ট করতে ব্যর্থ হলে, সেটি তার পদ অথবা চাকরি থেকে অপসারণের কারণ হতে পারে। চলমান তদন্ত সম্পর্কিত তথ্য গোপনীয়।

স্পেশাল কমিশনার অভ ইনভেস্টিগেশনের সাথে নিচের নম্বর এবং ঠিকানায় যোগাযোগ করা যাবে:

212-510-1400

80 Maiden Lane - 20th Floor

New York, NY 10038

http://nycsci.org/

## VIII. বিজ্ঞপ্তি অবহিতকরণ

A. প্রতিটি স্কুলকে অবশ্যই "Highlights of Chancellor's Regulation A-750" (চ্যান্সেলরের প্রবিধান A-750-এর উল্লেখযোগ্য দিকসমূহ) চোখে পড়ার মতো উল্লেখযোগ্য স্থানে সেঁটে দিতে হবে। এটির কপি পাওয়া যাবে DOE চাইল্ড অ্যাবিউস প্রিভেনশন-এর নিচের ওয়েবপেজে https://infohub.nyced.org/docs/default-source/default-document-library/highlights-of-cr-a-750-(blue-card)-revised-6-17.pdf

B. প্রত্যেক প্রিন্সিপ্যালকে অবশ্যই শিক্ষকতায় ও শিক্ষকতা ছাড়া নিযুক্ত সকল স্টাফকে "Highlights of Chancellor's Regulation A-750" (চ্যান্সেলরের প্রবিধান A-750-এর উল্লেখযোগ্য দিকসমূহ)-এর কপি দিতে হবে।

C. অনুরোধ করা হলে যেকোন কর্মীসদস্যকে চ্যান্সেলরের প্রবিধান A-750-এর কপি অবশ্যই প্রদান করতে হবে।

D. প্রতিটি স্কুলকে বিজ্ঞপ্তি, OCFS নিশু নিগ্রহ/নিপীড়ন টেলিফোন হটলাইন নম্বর এবং OCFS ওয়েবসাইট ব্যবহার নির্দেশনার বিবরণ প্রদান করতে হবে ইংরেজি ও স্পানিশে এবং চ্যান্সেলরের প্রবিধান A-663 অনুযায়ী অন্তর্ভুক্ত ভাষাগুলোতে, নিচে দেওয়া বিবরণ অনুসারে:

1. এগুলো পোস্ট করে: a) টোল-ফ্রি টেলিফোন নম্বর (1-800-342-3720) যা নিয়ন্ত্রণা করে
   OCFS যাতে শিশু নিগ্রহ বা নিপীড়নের রিপোর্ট পাওয়া যায়); এবং b)
   OCFS ওয়েবসাইট দেখার ইন্টারনেট ঠিকানা http://ocfs.ny.gov/main/cps/.
   পোস্ট-এর একটি কপি পাওয়া যাবে:: https://infohub.nyced.org/partners-and-providers/health-and-wellness/reporting-child-abuse/ ওয়েবপেজে।এ ধরনের তথ্য সহজেই সব সময় চোখে পড়ে, স্কুল ভবনের এমন স্থানে এবং স্কুলের ওয়েবসাইট থাকলে ওয়েবসাইটে পোস্ট করতে হবে।

2. পিতামাতাদের কাছে এসব তথ্য প্রতি স্কুল বছরে কমপক্ষে একবার স্কুলের নির্ধারণ করা প্রক্রিয়ায়, যার মধ্যে আছে ইলেক্ট্রনিক যোগাযোগ মাধ্যমে বা শিক্ষার্থীদের সাথে এসব তথ্য বাড়িতে প্রেরণ করে, তবে তা শুধু এ প্রক্রিয়াগুলোতে সীমিত নয়;

3. স্কুলের প্রত্যেক শিক্ষক এবং প্রশাসকদেরকে এসব তথ্য দিয়ে; এবং

4. এসব তথ্য ডিস্ট্রিক্ট পর্যায়ের প্রশাসনিক অফিসগুলোতে এসব তথ্য সহজলভ্য করে।

## IX. চ্যান্সেলরের কাছে রিপোর্ট করা

শিশু নিগ্রহ ও নিপীড়নের OORS রিপোর্ট।

যখনি SCR-এর কাছে একটি শিশু নিগ্রহ বা নিপীড়নের রিপোর্ট করা হয়, SCR-এর কাছে জমা দেওয়া সে রিপোর্টের কথা প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত ব্যক্তি যখন জানবেন এবং তার "কল ID" নম্বর পাবেন, তার পরবর্তী 24 ঘন্টার মধ্যে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত ব্যক্তিকে বাধ্যতামূলকভাবে একটি OORS রিপোর্ট জমা দিতে হবে। প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত ব্যক্তিকে অবশ্যই সেই "কলার I.D." নম্বর OORS রিপোর্টে দিতে হবে। রিপোর্টের সূত্র সম্পর্কে কোনো তথ্য প্রদান না করলেও চলবে, যেহেতু সে তথ্য গোপনীয়।

DOE OORS ওয়েবসাইট দেখা যাবে এখানে: https://ats.nycboe.net/safety/portal/। আপনার কৌশলগত প্রশ্নের উত্তরদানে সহায়তা প্রদানের জন্য অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্টের একটি হেল্প ডেস্ক রয়েছে। হেল্প ডেস্ক সোমবার থেকে শুক্রবার 7:00 AM – 7:00 PM খোলা থাকে। হেল্প ডেস্কে যোগাযোগ করার জন্য (718)-935-5004 নম্বরে ফোন করে OSYD ওয়েব সাপোর্ট-এ সংযোগ দিতে অনুরোধ করুন।

## X. কৌশলগত সহায়তা

অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট এই প্রবিধান বাস্তবায়নে এবং একটি শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধ ও ইন্টারভেনশন প্ল্যান তৈরিতে সহায়তা দেয় এবং শিশু নিগ্রহ ও নিপীড়ন রোধ বিষয়ক সকল প্রশিক্ষণ ও শিক্ষাগত উপকরণের জোগান দেয়। স্কুল কর্মকর্তাদের জন্য বাড়তি শিশু নিগ্রহ প্রতিরোধের উপকরণ এবং তথ্যসূত্র নিচের সাইটে পাওয়া যাবে: Child Abuse - Non-Academic Support - New York City Department of Education. কৌশলগত সহায়তার জন্য সিটিওয়াইড কোঅর্ডিনেটর অভ চাইল্ড অ্যাবিউস/নেগলেক্ট প্রিভেনশন প্রোগ্রামের সাথে যোগাযোগ করুন (যোগাযোগের তথ্যের জন্য সেকশন XI দেখুন)।

## XI. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

সিটিওয়াইড কোঅর্ডিনেটর

চাইল্ড অ্যাবিউস/নেগলেক্ট প্রেভেনশন প্রোগ্রাম

N.Y.C. Department of Education

52 Chambers Street – Room 218

New York, NY 10007

ফোন: 212-374-0805

ফ্যাক্স: 212-374-5751